বৃহস্পতিবার
২৬ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ
১১ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জমাদিউস সানি, ১৪৪৮ হিজরি
রেজি. নং- কেএন ৫২৬, বর্ষ-২১, সংখ্যা-১৪৪

দৈনিক
# আকাশ খবর
সত্য নিষ্ঠায় নিঃশব্দ বিপ্লব
THE DAILY AKASH KHABAR



শেষ পাতায়
আইনশৃঙ্খলা রক্ষায় আট জেলায় ১০৮ প্লাটুন বিজিবি মোতায়েন

খেলাধুলা | হোয়াইটওয়াশ হয়ে টেস্ট চ্যাম্পিয়নশিপে ছয়ে — ৩য় পাতা
বিশ্ব সংবাদ | বিকল্প আইনি পথে নতুন শুল্ক আরোপের — ৩য় পাতা
সম্পাদকীয় | রেলের টিকিট কালোবাজারি রোধে কার্যকর — ২য় পাতা
শেষ পাতায় | পোশাকশ্রমিকদের ন্যূনতম মজুরি ১৭ হাজার — শেষ পাতা

www.akashkhabar.com | প্রতিষ্ঠাতা : অ্যাড. তছিরুল আলম মালিক (ডিউক) | বর্ষ-২১, সংখ্যা-১৪৪ ■ পৃষ্ঠা-৪, মূল্য ৪ টাকা





ছবি: আকাশখবর

## চুয়াডাঙ্গায় মাদক মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গায় ৪০ অ্যাম্পুল বুপ্রেনরফিন ইনজেকশন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের মামলায় হাসিদ মণ্ডল নামে এক ব্যক্তিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাঁকে পাঁচ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক মাসের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

বুধবার (২৫ নভেম্বর) দুপুরে চুয়াডাঙ্গার বিশেষ দায়রা আদালতের বিচারক শিমুল কুমার বিশ্বাস এ রায় ঘোষণা করেন।

দণ্ডপ্রাপ্ত হাসিদ মণ্ডল চুয়াডাঙ্গা পৌর এলাকার তালতলা তেঁতুলতলাপাড়ার মৃত শহিদ মণ্ডলের ছেলে।

মামলার এজাহার সূত্রে জানা গেছে, ২০২০ সালের ৩০ জানুয়ারি গোপন সংবাদের ভিত্তিতে হাসিদ মণ্ডলের বাড়িতে অভিযান চালায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল। এ সময় তাঁর পরনের জ্যাকেটের পকেটে থাকা একটি কাপড়ের ব্যাগ থেকে ৪০ অ্যাম্পুল বুপ্রেনরফিন ইনজেকশন উদ্ধার করা হয়। প্রতিটি অ্যাম্পুলে দুই মিলিলিটার করে মোট ৮০ মিলিলিটার মাদক ছিল। উদ্ধার করা মাদকের আনুমানিক মূল্য ছিল ১২ হাজার টাকা।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক আবুল কালাম আজাদ বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করেন।

রাষ্ট্রপক্ষের পাঁচজন সাক্ষীর সাক্ষ্য ও তথ্য-প্রমাণ পর্যালোচনা শেষে আসামির বিরুদ্ধে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত এ দণ্ডাদেশ দেন।

মামলায় রাষ্ট্রপক্ষে অতিরিক্ত সরকারি কৌঁসুলি সাঈদ মাহমুদ শামীম রেজা ডালিম এবং আসামিপক্ষে আইনজীবী মফিজুর রহমান দায়িত্ব পালন করেন।

- প্রতিটি অ্যাম্পুলে দুই মিলিলিটার করে মোট ৮০
- উদ্ধার করা মাদকের আনুমানিক মূল্য ছিল ১২ হাজার টাকা
- একই সঙ্গে তাঁকে পাঁচ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও



পৃথক সহিংসতা

## চুয়াডাঙ্গায় এক দিনে দুই প্রাণহানি, কুপিয়ে ও পিটিয়ে হত্যার অভিযোগ

### সদর ও জীবননগরে এক দিনে দুই হত্যাকাণ্ডের ঘটনায় তদন্তে নেমেছে পুলিশ

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গায় পৃথক ঘটনায় দুজনের প্রাণহানি হয়েছে। সদর উপজেলার গহেরপুর গ্রামে মাছের ঘেরের পাহারাদার বদর উদ্দিনকে (৫৩) কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। বুধবার (২৫ নভেম্বর) ভোরে তাঁর মরদেহ পাওয়া যায়। একই দিন রাতে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মারা যান মারধরে আহত আব্দুল খালেক (৫৫)। তাঁকে মারধরের ঘটনায় সাবেক স্ত্রী ও দুই শ্যালকের বিরুদ্ধে অভিযোগ উঠেছে।

নিহত বদর উদ্দিন সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের গহেরপুর গ্রামের মাঝেরপাড়ার মৃত সামছদ্দিন মন্ডলের ছেলে। অপর ঘটনায় নিহত আব্দুল খালেক জীবননগর উপজেলার বাঁকা পূর্বপাড়ার আজের বক্সের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার (২৪ নভেম্বর) দিবাগত রাতে গহেরপুর গ্রামের কামড়িয়ার বিলসংলগ্ন মুক্তার মেম্বারের পুকুর ও মাছের ঘেরের অদূরে নিজের জমিতে বদর উদ্দিনকে হত্যা করা হয়। বিলের পাশে একটি

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ১

## চুয়াডাঙ্গায় গাঁজাসহ একজন গ্রেফতার, এক মাসের কারাদণ্ড

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে ৫ গ্রাম গাঁজাসহ সাধন কর্মকার (৪৮) নামে এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। পরে তাঁকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা জরিমানা করা হয়।

বুধবার (২৫ নভেম্বর) দুপুর ১টার দিকে জেলার বিভিন্ন এলাকায় এ অভিযান চালায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের একটি দল।



- পরে তাঁকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা
- দণ্ডপ্রাপ্ত সাধন কর্মকার চুয়াডাঙ্গা সদর উপজেলার

দণ্ডপ্রাপ্ত সাধন কর্মকার চুয়াডাঙ্গা সদর উপজেলার জাফরপুর গ্রামের মৃত বাসুদেব কর্মকারের ছেলে।

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৩

## চুয়াডাঙ্গায় আমান উল্লাহ আমানের নেতৃত্বে ছাত্রদলের গণমিছিল



ছবি: আকাশখবর

- বুধবার (২৫ নভেম্বর) বিকেলে চুয়াডাঙ্গা শহরের টাউন ফুটবল মাঠ থেকে গণমিছিলটি শুরু হয়

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গায় নিষিদ্ধ আওয়ামী লীগের অগ্নিসন্ত্রাস, নৈরাজ্য ও দেশবিরোধী ষড়যন্ত্রের প্রতিবাদে বিশাল গণমিছিল অনুষ্ঠিত হয়েছে। জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ছাত্রনেতা আমান উল্লাহ আমানের নেতৃত্বে

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৩

## পিতা-মাতার কবর জিয়ারত ও মাদ্রাসা শিক্ষার্থীদের নিজ হাতে খাওয়ালেন সাহিদুজ্জামান টরিক

● নিজস্ব প্রতিবেদক:

আকাশের নিচে সবুজ ঘেরা এক শান্ত প্রাঙ্গণ। সেখানে চিরনিদ্রায় শায়িত আছেন চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার পাঁচকমলাপুর গ্রামের এক নিভৃতচারী স্বপ্নদ্রষ্টা হাজী শামসুজ্জোহা বিশ্বাস ও তাঁর সহধর্মিণী সাহিদা বেগম।



ছবি: আকাশখবর

গতকাল বুধবার (২৪ নভেম্বর) দুপুরে জোহরের নামাজের পর সেই কবরের পাশেই দাঁড়িয়ে ছিলেন তাঁদের সুযোগ্য সন্তান, বিশিষ্ট শিল্পোদ্যোক্তা ও সমাজসেবক সাহিদুজ্জামান টরিক। সঙ্গে ছিল তাঁর দুই কিশোর পুত্র শেহজাদ সাহেদ ও শেহরান সাহেদ। পিতা-মাতার

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৪

### নামাজের সময়

| | |
|---|---|
| ফজর | ০৫:০৭ |
| যোহর | ১১:৫৪ |
| আছর | ০৩:৪১ |
| মাগরিব | ০৫:১৮ |
| এশা | ০৬:৩৭ |

চুয়াডাঙ্গা

## আলমডাঙ্গায় সেতুর কাজ শেষ না হওয়ায় দুর্ভোগে ২০ গ্রামের মানুষ



ছবি: আকাশখবর

**একনজরে মূল তথ্য**

- এতে আশপাশের ২০ গ্রামের প্রায় ২২ হাজার মানুষ যাতায়াতে
- তবে উপজেলা প্রকৌশল বিভাগ জানিয়েছে, সেতুর কাজ প্রায়

● নিজস্ব প্রতিবেদক:

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার বড়পুটিমারি গ্রামে প্রায় তিন কোটি ২৩ লাখ টাকা ব্যয়ে নির্মাণাধীন সেতুর কাজ আড়াই বছরেও শেষ হয়নি। এতে আশপাশের ২০ গ্রামের প্রায় ২২ হাজার মানুষ যাতায়াতে দুর্ভোগ পোহাচ্ছেন। কৃষিপণ্য পরিবহন, শিক্ষাপ্রতিষ্ঠানে যাতায়াত ও রোগী আনা-নেওয়ায় আট থেকে ১০ কিলোমিটার বাড়তি পথ ঘুরতে হচ্ছে স্থানীয়দের। তবে উপজেলা প্রকৌশল বিভাগ জানিয়েছে, সেতুর কাজ প্রায় ৫০ শতাংশ শেষ হয়েছে। বাকি কাজ খুব দ্রুত শেষ করার আশ্বাস দিয়েছে কর্তৃপক্ষ।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উইকেয়ার প্রকল্পের আওতায় বড়পুটিমারি গ্রামে ৩০ মিটার দীর্ঘ পিসি গার্ডার সেতুটি নির্মাণ করা হচ্ছে। প্রায় তিন কোটি ২৩ লাখ টাকা ব্যয়ের এই প্রকল্পের কাজ করছে যশোরের মইনুদ্দিন বাঁশি নামের ঠিকাদারি প্রতিষ্ঠান। ২০২৪ সালের এপ্রিলে শুরু হওয়া নির্মাণকাজ

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৫

## একনেকে ২৪ হাজার ১১০ কোটি টাকার ১০ প্রকল্প অনুমোদন



ছবি: আকাশখবর

● নিজস্ব প্রতিবেদক:

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ২৪ হাজার ১১০ কোটি ৬৬ লাখ টাকা ব্যয়সংবলিত ১০টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে পাঁচটি নতুন, চারটি সংশোধিত এবং একটি প্রকল্পের মেয়াদ বাড়ানো হয়েছে।

বুধবার বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রী ও একনেকের চেয়ারপারসন তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়।

অনুমোদিত প্রকল্পগুলোর মোট ব্যয়ের মধ্যে সরকারের নিজস্ব অর্থায়ন ১২ হাজার ৭৭৫ কোটি ৯৯ লাখ টাকা, প্রকল্প ঋণ ৮ হাজার ৯৪৪ কোটি ২১ লাখ টাকা

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৬

আপনার বিজ্ঞাপন
এখানে দিন
বাণিজ্যিক বিভাগ
০১৭৮০-২৫১৭৯৯

পত্রিকার স্বাদ নিন কাগজহীন রঙ্গিন পাতায়
ই-পেপার পড়তে কোডটি স্ক্যান করুন
www.epaper.akashkhabar.com

## তিন বছরে ৫ লাখ বিদেশি কর্মী নেবে ইতালি, তালিকায় বাংলাদেশও

● বিশ্বডেস্ক:

আগামী তিন বছরে প্রায় পাঁচ লাখ বিদেশি শ্রমিক নিয়োগের পরিকল্পনা নিয়েছে ইতালি সরকার। এ তালিকায় রয়েছে বাংলাদেশও। ২০২৬ থেকে ২০২৮ সাল পর্যন্ত বিভিন্ন খাতে মোট ৪ লাখ ৯৭ হাজার ৫৫০ জন বিদেশি কর্মী নেওয়া হবে।

ইতালি সরকারের ঘোষণা অনুযায়ী শ্রমবাজারে কর্মী সংকট মোকাবিলা এবং বৈধ পথে বিদেশি শ্রমিক আনার লক্ষ্যে 'দেক্রেতো ফ্লুসি' কর্মসূচির আওতায় এই নিয়োগ দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে।

ইতালির শ্রম ও সামাজিক নীতিবিষয়ক মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, ২০২৬ সালে ১ লাখ ৬৪ হাজার ৮৫০ জন, ২০২৭ সালে ১ লাখ ৬৫ হাজার ৮৫০ জন এবং ২০২৮ সালে ১ লাখ ৬৬ হাজার ৮৫০ জন বিদেশি কর্মী নেওয়া হবে। অর্থাৎ তিন বছরে মোট কর্মী নিয়োগের সংখ্যা দাঁড়াবে ৪ লাখ ৯৭ হাজার ৫৫০।




ছবি: আকাশখবর

নিয়োগের ক্ষেত্রে কৃষি ও পর্যটন খাতকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এসব খাতে মৌসুমি কর্মীর পাশাপাশি

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ১

## বিটিভি-বেতারসহ তথ্য মন্ত্রণালয়ের ১৫ প্রতিষ্ঠান ঢেলে সাজানো হচ্ছে

● নিজস্ব প্রতিবেদক:

বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতারসহ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন ১৫ প্রতিষ্ঠানকে আরও গণমুখী ও শক্তিশালী করার উদ্যোগ নেওয়া হয়েছে। এসব প্রতিষ্ঠানকে ঢেলে সাজানোর পাশাপাশি একটি একীভূত তথ্য ক্যাডার গঠনের লক্ষ্যে অচিরেই উচ্চপর্যায়ের সংসদীয় সাব-কমিটি গঠন করা হবে।

বুধবার জাতীয় সংসদ ভবনে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির তৃতীয় বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

এ সময় বিসিএস তথ্য (সাধারণ) ক্যাডারকে একীভূতকরণের বিষয়েও আলোচনা হয়। সীমিত জনবল দিয়ে অধিকতর কাজ সম্পাদন এবং সরকারের প্রশাসনিক ব্যয় সাশ্রয়ের ওপর গুরুত্ব দিয়ে এই একীভূতকরণের উদ্যোগ নেওয়া হচ্ছে।

কমিটির সভাপতি ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমানউল্লাহ আমানের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য হিসেবে তথ্য ও সম্প্রচারমন্ত্রী আন্দালিব রহমান, প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী, আশরাফ উদ্দিন, মোস্তাফিজুর রহমান বাবুল, মজিবুর রহমান, ফাহমিদা হক, শফিকুল ইসলাম এবং নাজমুন নাহার অংশ নেন।

বৈঠকে রাষ্ট্রীয় গণমাধ্যম বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠানের মানোন্নয়ন এবং দর্শক-শ্রোতাদের কাছে আরও জনপ্রিয় ও গ্রহণযোগ্য করে তুলতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ করা হয়। এ লক্ষ্যে প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অবদান, ১৯৯০ সালের গণঅভ্যুত্থানে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ভূমিকা এবং চব্বিশের গণঅভ্যুত্থানের সঠিক ইতিহাস বেতার ও বাংলাদেশ টেলিভিশনে যথাযথ গুরুত্বসহ তুলে ধরার বিষয়ে আলোচনা হয়। এরই অংশ হিসেবে আগামী ১৬ থেকে ২৬

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৭

## নিরাপদ খাদ্য আইনে সর্বোচ্চ ১০ লাখ টাকা জরিমানার প্রস্তাব

● নিজস্ব প্রতিবেদক:

খাদ্য মন্ত্রণালয় থেকে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ সংশোধনের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত সংশোধনী অনুযায়ী, কোনো অভিযোগের ভিত্তিতে অথবা কর্তৃপক্ষের তদন্তে গুরুতর অনিয়ম পাওয়া গেলে সংশ্লিষ্ট ব্যক্তিকে সর্বোচ্চ ১০ লাখ টাকা প্রশাসনিক জরিমানা করার বিধান রাখার প্রস্তাব করা হয়েছে।

পাশাপাশি, আদায় করা জরিমানার ২৫ শতাংশ তাৎক্ষণিকভাবে অভিযোগকারীকে দেওয়ার প্রস্তাবও রয়েছে ত্রয়োদশ জাতীয় সংসদের খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে জানানো হয়েছে।

মঙ্গলবার (২৪ নভেম্বর) জাতীয় সংসদ ভবনে কমিটির সভাপতি আবদুস সালাম পিন্টুর সভাপতিতে অনুষ্ঠিত দ্বিতীয় বৈঠক অনুষ্ঠিত হয়।

কমিটির সদস্য ও খাদ্যমন্ত্রী আফরোজা খানম বলেন, তিনি নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সবাইকে সক্রিয় ও দায়িত্বশীল ভূমিকা পালনের নির্দেশনা প্রদান করেন। ভোক্তাদের কাছে যাতে নিরাপদ, মানসম্মত ও ভেজালমুক্ত খাদ্য পৌঁছে দেওয়া যায়, সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের পরামর্শ দেন। একইসঙ্গে তিনি নিরাপদ খাদ্য নিশ্চিত করতে বিদ্যমান আইন আরও কঠোর করার এবং প্রয়োজনে মৃত্যুদণ্ডের বিধান রাখার কথা উল্লেখ

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৮

দৈনিক আকাশ খবর ■ বৃহস্পতিবার ২৬ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

দৈনিক আকাশ খবর
সত্য নিষ্ঠায় নিঃশব্দ বিপ্লব
THE DAILY AKASH KHABAR
www.akashkhabar.com



বৃহস্পতিবার ২৬ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ, ১১ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ
বর্ষ-২১, সংখ্যা-১৪৪

সম্পাদকীয়

# রেলের টিকিট কালোবাজারি রোধে কার্যকর পদক্ষেপ জরুরি

জানা যায়, টিকিট বিক্রির প্রক্রিয়া শতভাগ ডিজিটাল হলেও মাঠপর্যায়ে তা যাচাইয়ের ক্ষেত্রে রেলওয়ের চরম প্রাতিষ্ঠানিক দুর্বলতা স্পষ্ট হয়ে উঠেছে। বর্তমানে রেলে ৬৭ শতাংশ টিটিই সংকট রয়েছে এবং টিকিট যাচাইয়ের পস মেশিনও প্রয়োজনের তুলনায় নামমাত্র। পাশাপাশি আন্তঃনগর ট্রেন থামে এমন ২১৬টি স্টেশনের কোনোটিতেই প্রবেশ ও বহির্গমন পথে শতভাগ নিরাপত্তা বা চেকিং ব্যবস্থা নেই। মূলত এই বিশাল শূন্যতার সুযোগ নিয়েই একজনের নামের টিকিটে অন্যজন অনায়াসে ভ্রমণ করছেন। আমরা মনে করি, স্টেশন গেট ও ট্রেনের ভেতরে যাত্রীর পরিচয়পত্র যাচাইয়ে কঠোরতা না থাকলে কেবল অনলাইন নিবন্ধন দিয়ে কালোবাজারি রোধ করা সম্ভব নয়। পার্শ্ববর্তী দেশ ভারতেও অসংখ্য এজেন্টের মাধ্যমে টিকিট বিক্রি হয়; কিন্তু ভ্রমণের সময় প্রকৃত যাত্রীর পরিচয় কঠোরভাবে যাচাই এবং ব্যত্যয় ঘটলে তাৎক্ষণিক জেল-জরিমানা নিশ্চিত করায় সেখানে কালোবাজারির সুযোগ থাকে না।

দেশে টিকিট কালোবাজারি রোধে কর্তৃপক্ষকে এখনই কঠোর ও বাস্তবসম্মত পদক্ষেপ নিতে হবে। এজন্য জরুরিভিত্তিতে টিটিই সংকট নিরসন এবং সব আন্তঃনগর স্টেশনের প্রবেশ ও বাহির পথে পস মেশিনের মাধ্যমে শতভাগ টিকিট ও পরিচয় যাচাই নিশ্চিত করতে হবে। পাশাপাশি সফটওয়্যারে আধুনিক প্রযুক্তি যুক্ত করতে হবে। কালোবাজারির সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনতে হবে। এছাড়া, রেলের প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা ও ক্রমবর্ধমান লোকসান কাটিয়ে উঠতে অবকাঠামো সরকারের হাতে রেখে সেবা ও পরিচালনার একটি অংশ দক্ষ ও পেশাদার বেসরকারি সংস্থার হাতে ছেড়ে দেওয়ার বিষয়টিও গুরুত্বের সঙ্গে ভাবা জরুরি। পাশাপাশি সাধারণ যাত্রীদেরও সচেতন হতে হবে। সরকার এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেবে, এটাই প্রত্যাশা।

## চুয়াডাঙ্গায় গাঁজাসহ একজন গ্রেফতার, এক মাসের কারাদণ্ড

(প্রথম পৃষ্ঠার পর)

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের উপপরিচালক রফিকুল ইসলাম জানান, অভিযানে সাধন কর্মকারের কাছ থেকে ৫ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। পরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট এস. এম. আশিস মোমতাজ তাঁকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা জরিমানা করেন।

## ডেঙ্গুতে আরও ৪ জনের প্রাণহানি

(শেষ পৃষ্ঠার পর)

জানায় স্বাস্থ্য অধিদফতর। এদিন রোগটি নিয়ে হাসপাতালে ভর্তি হন ১ হাজার ৩৬৭ জন।

প্রসঙ্গত, গত বছর মোট ডেঙ্গু আক্রান্ত হন ১ লাখ ২ হাজার ৮৬১ জন এবং মারা যান ৪১৩ জন। তার আগে ২০২৪ সালে মোট ডেঙ্গু আক্রান্ত হন ১ লাখ ১ হাজার ২১৪ জন এবং মৃত্যু হয় ৫৭৫ জনের।

# পিতা-মাতার কবর জিয়ারত ও মাদ্রাসা শিক্ষার্থীদের নিজ হাতে খাওয়ালেন সাহিদুজ্জামান টরিক

(প্রথম পৃষ্ঠার পর)

কবরের সামনে দাঁড়িয়ে শৈশবের সোনালি দিনগুলোর স্মৃতিচারণ করতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন এই সফল ব্যবসায়ী। অশ্রুসিক্ত নয়নে তিনি নিজেই প্রিয় বাবা-মায়ের রুহের মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত পরিচালনা করেন।

কবর জিয়ারত ও মোনাজাত শেষে শুরু হয় এক অন্যরকম মানবিক দৃশ্যের। সাহেদ গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ বিজনেস চেম্বার অব সিঙ্গাপুরের (বিডিচ্যাম) প্রেসিডেন্ট এবং এআরবি ওয়ার্ল্ডের প্রেসিডেন্টের মতো গুরুত্বপূর্ণ পরিচয় ছাপিয়ে সাহিদুজ্জামান টরিক তখন কেবলই একজন মমতাময়ী অভিভাবক। আলমডাঙ্গার পাঁচকমলাপুরে অবস্থিত 'হাজী শামসুজ্জোহা জামি'আ আরাবিয়া দারুল উলুম মাদ্রাসা'র শত শত কোমলমতি শিক্ষার্থীর পাতে তিনি নিজ হাতে দুপুরের খাবার তুলে দেন। বাবার এই মহৎ কাজে হাত লাগায় তাঁর দুই সন্তান শেহজাদ ও শেহরানও। পিতা ও দুই পুত্রের এই আন্তরিকতায় মুগ্ধ হন উপস্থিত শিক্ষক, অভিভাবক ও স্থানীয় সুধীজন।

একটি স্বপ্নের বীজ যেভাবে মহীরুহ হয়ে উঠল, তার পেছনে রয়েছে এক অনন্য পারিবারিক ত্যাগের গল্প। ২০০১ সালে সুন্দর ও পরিচ্ছন্ন দ্বীনি শিক্ষার প্রসার ঘটানোর লক্ষ্যে আলহাজ্ব সাহিদুজ্জামান টরিক, বিশিষ্ট প্রবাসী ব্যবসায়ী আরিফুজ্জামান আরিফ এবং দৈনিক সময়ের সমীকরণের প্রকাশক-সম্পাদক শরীফুজ্জামান শরীফের পিতা মরহুম শামসুজ্জোহা বিশ্বাস এই প্রতিষ্ঠানটির গোড়াপত্তন করেন। আলমডাঙ্গা উপজেলার খাদিমপুর ইউনিয়নের পাঁচকমলাপুর গ্রামে মাত্র ১৩ জন ছাত্র ও একজন শিক্ষক নিয়ে একটি সাধারণ চালাঘরে 'পাঁচকমলাপুর দারুল উলুম কওমিয়া হাফিজিয়া মাদ্রাসা' নামে যাত্রা শুরু হয়েছিল এই প্রতিষ্ঠানের।

২০১০ সালে স্বপ্নদ্রষ্টা হাজী শামসুজ্জোহা বিশ্বাসের মৃত্যুর পর পিতার রেখে যাওয়া সেই আমানত ও মাদ্রাসা পরিচালনার গুরুদায়িত্ব কাঁধে তুলে নেন সাহিদুজ্জামান টরিক। পিতার লালিত স্বপ্নকে নিজের মেধা, শ্রম, ভালোবাসা ও আন্তরিকতা দিয়ে তিনি নিয়ে গেছেন এক অনন্য উচ্চতায়। মাদ্রাসাটির আর্থিক স্বনির্ভরতা ও সুষ্ঠু পরিচালনার জন্য তিনি চুয়াডাঙ্গায় গড়ে তুলেছেন তিন তারকা মানের 'হোটেল সাহিদ প্যালেস অ্যান্ড কনভেনশন সেন্টার'। অভিজাত এই প্রতিষ্ঠানটি থেকে অর্জিত সম্পূর্ণ লভ্যাংশ ব্যয় করা হয় মাদ্রাসার শিক্ষার্থীদের কল্যাণে।

২০১১ সালের ১ জানুয়ারি থেকে এই মাদ্রাসায় চালু করা হয়েছে সম্পূর্ণ বিনামূল্যে লিল্লাহ বোর্ডিং ব্যবস্থা। এর ফলে বর্তমানে মাদ্রাসার সকল ছাত্র ও শিক্ষকের জন্য তিন বেলা মানসম্মত ও পুষ্টিকর খাবার নিশ্চিত করা হচ্ছে।

গতকালের এই আবেগঘন ও মানবিক আয়োজনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দৈনিক সময়ের সমীকরণ-এর প্রধান সম্পাদক ও চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি নাজমুল হক স্বপন, বিশিষ্ট ব্যবসায়ী রোকনুজ্জামান রোকন, সাংবাদিক রফিক রহমান, জেলা ডায়াবেটিক সমিতির সাধারণ সম্পাদক রেজাউল করিম মুকুট, মাদ্রাসার মোহতামিম শায়খুল হাদীস আল্লামা আব্দুল কাদের খানসহ মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। পিতার স্বপ্নের প্রতিষ্ঠানে সন্তানের এমন নিঃস্বার্থ ভালোবাসা ও দায়িত্ববোধ উপস্থিত সকলের হৃদয় ছুঁয়ে যায়।

# বিটিভি-বেতারসহ তথ্য মন্ত্রণালয়ের ১৫ প্রতিষ্ঠান ঢেলে সাজানো হচ্ছে

(প্রথম পৃষ্ঠার পর)

ডিসেম্বরের মধ্যে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশন (এফডিসি) এবং বাংলাদেশ বেতার সরেজমিন পরিদর্শনের সুপারিশ করেছে কমিটি।

এ সময় দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি, স্বাধীনতা ও সার্বভৌমত্ব এবং দীর্ঘ সংগ্রামের মধ্য দিয়ে অর্জিত গণতন্ত্র রক্ষার বিষয়ে আলোচনা হয়। এতে বলা হয়, দেশ নিয়ে কাউকে আর ছিনিমিনি খেলতে দেওয়া হবে না। এ বিষয়ে সরকারি দল ও বিরোধী দল উভয়ই ঐকমত্য পোষণ করেছে। বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ সংবাদ সংস্থাসহ (বাসস) মন্ত্রণালয়ের সব প্রতিষ্ঠানকে এই বিষয়ে জনমত গঠনে অগ্রণী ভূমিকা রাখতে হবে।

বৈঠকে বিগত শাসনামলে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর ও সংস্থায় পদোন্নতি বঞ্চিত এবং চাকরিচ্যুত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা তুলে ধরা হয়। এ বিষয়ে পরবর্তী বৈঠকে একটি যাচাই-বাছাই কমিটি গঠন করে প্রাপ্ত তথ্য-উপাত্ত পর্যালোচনার মাধ্যমে পূর্ণাঙ্গ প্রতিবেদন উপস্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়। একই সঙ্গে অন্যায়ভাবে পদোন্নতি থেকে বঞ্চিত ও চাকরিচ্যুতির পেছনে দায়ী নির্দেশদাতা এবং অতিউৎসাহী ব্যক্তিদের তালিকা প্রস্তুত ও প্রকাশের বিষয়েও গুরুত্ব আরোপ করা হয়।

একই দিন সংসদ ভবনে সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত সংসদীয় কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি এ এম মাহবুব উদ্দিনের সভাপতিত্বে সদস্য জাহিদুর রহমান, শাহ ওয়ারেছ আলী মামুন, মোস্তাফিজুর রহমান, মাহবুবুল আলম ও নূরুন্নিসা সিদ্দীকা সভায় অংশ নেন।

বৈঠকে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম থেকে তৃতীয় অধিবেশন পর্যন্ত সংসদের ফ্লোরে প্রধানমন্ত্রী এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রীর প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়নের সর্বশেষ অবস্থা পর্যালোচনা করা হয়। এ সময় দুর্নীতিমুক্ত সমাজ গড়ে তোলাসহ কৃষি উৎপাদন বৃদ্ধি, খাল খনন, সেচ ব্যবস্থাপনার উন্নয়ন ও বৃক্ষরোপণ, গ্রামীণ অবকাঠামো উন্নয়ন এবং নিরাপদ পানি জন্য-মৃত্যু নিবন্ধনসহ নাগরিক জীবনের প্রতিটি মৌলিক প্রয়োজন মেটাতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ করা হয়।

## চুয়াডাঙ্গায় এক দিনে দুই প্রাণহানি, কুপিয়ে ও পিটিয়ে হত্যার অভিযোগ

(প্রথম পৃষ্ঠার পর)

ছোট অস্থায়ী কুঁড়েঘর ছিল। সেখানে তিনি প্রায়ই যাতায়াত করতেন এবং মাছের ঘের পাহারা দিতেন।

রাতে কোনো একসময় দুর্বৃত্তরা ধারালো অস্ত্র দিয়ে বদর উদ্দিনকে কুপিয়ে হত্যা করে পালিয়ে যায়। বুধবার ভোরে তাঁর ছেলে সুমন প্রথম বাবাকে পানির মধ্যে পড়ে থাকতে দেখেন। পরে স্থানীয়রা ঘটনাস্থলে গিয়ে পুলিশকে খবর দেন। স্থানীয়দের ভাষ্য, বদর উদ্দিনের মাথায় ধারালো অস্ত্রের একাধিক আঘাতের চিহ্ন ছিল।

খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার ও সুরতহাল প্রতিবেদন তৈরি করে। পরে ময়নাতদন্তের জন্য মরদেহ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়।

চুয়াডাঙ্গার দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইসমাইল হোসেন জানান, ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে সুরতহাল প্রতিবেদন তৈরির পর ময়নাতদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। হত্যাকাণ্ডের কারণ ও জড়িতদের পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। এ ঘটনায় পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।

অন্যদিকে, স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার সন্ধ্যা ৬টা থেকে পৌনে ৮টার মধ্যে আব্দুল খালেক ব্যক্তিগত প্রয়োজনে বাঁকা গ্রাম থেকে পার্শ্ববর্তী মিনাজপুরে যাচ্ছিলেন। পথে বাঁকা ইলাপাড়া এলাকায় তাঁকে একা পেয়ে মারধর করা হয় বলে অভিযোগ রয়েছে। এ ঘটনায় তাঁর সাবেক স্ত্রী পাপিয়া খাতুন ও দুই শ্যালকের বিরুদ্ধে অভিযোগ উঠেছে।

মারধরে আব্দুল খালেকের শরীরের বিভিন্ন স্থানে জখম হয়। পরে ওসমান গনি (৪৫), ইসমাইল হোসেন (৪০) ও সাবেক স্ত্রী পাপিয়া খাতুন (৪০) তাঁকে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাত সাড়ে ৯টার দিকে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। প্রাথমিক তথ্য অনুযায়ী, তাঁকে হাসপাতালে রেখে সঙ্গে আসা ব্যক্তিরা চলে যান।

স্থানীয় সূত্রে আরও জানা গেছে, প্রায় দুই বছর আগে আব্দুল খালেক ও পাপিয়া খাতুনের বিবাহবিচ্ছেদ হয়। তাঁদের মধ্যে পারিবারিক বিরোধ ছিল। এর আগেও আব্দুল খালেককে মারধর করা হয়েছিল বলে অভিযোগ রয়েছে। তবে বুধবারের ঘটনার সঙ্গে কার কী ভূমিকা ছিল, তা তদন্তে নিশ্চিত হওয়া প্রয়োজন।

চুয়াডাঙ্গার জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুলাইমান সেখ জানান, খবর পেয়ে হাসপাতাল থেকে মরদেহ থানা হেফাজতে নেওয়া হয়েছে। সাবেক স্ত্রীর পরিবারের সঙ্গে পূর্ববিরোধের জেরে এ ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে জানা গেছে। তবে মৃত্যুর প্রকৃত কারণ এবং এর সঙ্গে কারা জড়িত, তা তদন্তের মাধ্যমে নিশ্চিত হওয়া যাবে।

## চুয়াডাঙ্গায় আমান উল্লাহ আমানের নেতৃত্বে ছাত্রদলের গণমিছিল

(প্রথম পৃষ্ঠার পর)

আয়োজিত এ গণমিছিলে কয়েক হাজার নেতাকর্মী অংশগ্রহণ করেন।

বুধবার (২৫ নভেম্বর) বিকেলে চুয়াডাঙ্গা শহরের টাউন ফুটবল মাঠ থেকে গণমিছিলটি শুরু হয়। পরে মিছিলটি পৌরসভা মোড়, শহীদ হাসান চত্বর, কোর্ট মোড়, পুরোনো সাহিত্য পরিষদ, সরকারি কলেজ রোড ও করবী রোড প্রদক্ষিণ করে পুনরায় টাউন ফুটবল মাঠে এসে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

এর আগে নিষিদ্ধ আওয়ামী লীগের অগ্নিসন্ত্রাস, নৈরাজ্য ও দেশবিরোধী ষড়যন্ত্রের প্রতিবাদে গণমিছিলে অংশ নেওয়া বিপুল সংখ্যক নেতাকর্মীরা বিভিন্ন স্লোগানে স্লোগানে চুয়াডাঙ্গা শহরের রাজপথ প্রকম্পিত করে তোলেন।

চুয়াডাঙ্গা পৌর ছাত্রদলের সদস্য সচিব মাজেদুল আলম মেহেদীর পরিচালনায় ছাত্রনেতা আমান উল্লাহ আমানের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম পিটু। বিশেষ অতিথি ছিলেন জেলা জাসাসের সাধারণ সম্পাদক সেলিমুল হাবীব সেলিম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে শফিকুল ইসলাম পিটু বলেন, নিষিদ্ধ আওয়ামী লীগের নৈরাজ্য, অগ্নিসন্ত্রাস ও দেশবিরোধী ষড়যন্ত্রের বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। দেশের শান্তি-শৃঙ্খলা, গণতন্ত্র, স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় যেকোনো অপতৎপরতার বিরুদ্ধে চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফের বিএনপি ও ছাত্রদলের নেতাকর্মীদের রাজপথে সোচ্চার থাকার আহ্বান জানান তিনি।

গণমিছিলে নেতৃত্বদানকারী জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আমান উল্লাহ আমান বলেন, 'নিষিদ্ধ আওয়ামী লীগের অগ্নিসন্ত্রাস, নৈরাজ্য ও দেশবিরোধী ষড়যন্ত্রের বিরুদ্ধে ছাত্রসমাজ ও সাধারণ জনগণকে ঐক্যবদ্ধ থাকতে হবে। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্র রক্ষায় ছাত্রসমাজ সবসময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। কোনো ষড়যন্ত্র কিংবা অপশক্তি যেন দেশের অগ্রযাত্রাকে বাধাগ্রস্ত করতে না পারে, সে জন্য আমরা রাজপথে ঐক্যবদ্ধ রয়েছি।'

তিনি আরও বলেন, 'জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফের নেতৃত্বে চুয়াডাঙ্গার ছাত্রজনতা সবসময় সাধারণ মানুষের পাশে থেকে অন্যায়, অনিয়ম ও স্বৈরাচারী কর্মকাণ্ডের বিরুদ্ধে সোচ্চার থাকবে।'

এ সময় উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সহ সাংগঠনিক সম্পাদক শোয়েব তিতাস, চুয়াডাঙ্গা পৌর ছাত্রদলের সদস্য সচিব মাজেদুল আলম মেহেদী, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক জাহিদ হাসান শুভ, জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক সাইমুম আহমেদ ইকবাল, সাবেক জেলা ছাত্রদল নেতা নাঈম হাসান ও মাসুদ রানা, আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদলের সাবেক সদস্য সচিব লিমন হোসেন, উপজেলা ছাত্রদলের সদস্য সবুজ মিয়া এবং জেলা ছাত্রদলের সাবেক সহসভাপতি রাজন আহমেদসহ বিভিন্ন পর্যায়ের ছাত্রদল ও অঙ্গসংগঠনের কয়েক হাজার নেতাকর্মীরা।

## আলমডাঙ্গায় সেতুর কাজ শেষ না হওয়ায় দুর্ভোগে ২০ গ্রামের মানুষ

(প্রথম পৃষ্ঠার পর)

২০২৬ সালের এপ্রিলে শেষ হওয়ার কথা ছিল। পরে ছয় মাস সময় বাড়ানো হলেও সেই সময়ের মধ্যেও কাজ শেষ হয়নি।

স্থানীয়দের অভিযোগ, নির্মাণকাজ শুরুর পর কিছুদিন মাঝেমধ্যে দীর্ঘ সময় বন্ধ রাখা হয়েছিল। এতে সেতুটি চালুর অপেক্ষা দীর্ঘ হয়েছে। পুরোনো সেতু ক্ষতিগ্রস্ত হওয়ায় এবং নতুন সেতুর কাজ শেষ না হওয়ায় সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন কৃষক, শিক্ষার্থী ও রোগীরা।

এলাকাবাসী জানান, এই পথে একসময় ছোট-বড় যানবাহনে আশপাশের গ্রামের মানুষ চলাচল করতেন। এখন চুয়াডাঙ্গা ও আলমডাঙ্গায় যেতে বিকল্প পথে ঘুরতে হচ্ছে। এতে সময় বেশি লাগার পাশাপাশি পরিবহন খরচও বাড়ছে। জরুরি প্রয়োজনে কেউ কেউ ঝুঁকি নিয়ে পুরোনো ক্ষতিগ্রস্ত সেতু দিয়েই পারাপার হচ্ছেন।

স্থানীয়দের দাবি, নির্মাণকাজের গতি ধরে রেখে দ্রুত সেতুটি চলাচলের উপযোগী করতে হবে। এটি চালু হলে কৃষিপণ্য বাজারে নেওয়া, শিক্ষার্থীদের যাতায়াত এবং জরুরি চিকিৎসাসেবা পেতে ভোগান্তি কমবে।

আলমডাঙ্গা উপজেলা প্রকৌশলী মেজবাহুর রহমান জানান, সেতুর নির্মাণকাজ প্রায় ৫০ শতাংশ শেষ হয়েছে। বাকি কাজ সম্পন্ন করতে নিয়মিত তদারকি করা হচ্ছে। বর্তমানে কাজ দ্রুত এগোচ্ছে। খুব দ্রুত অবশিষ্ট নির্মাণকাজ শেষ করার আশ্বাস দেন তিনি।

## একনেকে ২৪ হাজার ১১০ কোটি টাকার ১০ প্রকল্প অনুমোদন

(প্রথম পৃষ্ঠার পর)

এবং সংস্থার নিজস্ব অর্থায়ন ২ হাজার ৩৯০ কোটি ৪৭ লাখ টাকা।

সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী আবদুল মঈন খান, অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, আইনমন্ত্রী আসাদুজ্জামান, সড়ক পরিবহন ও রেলপথমন্ত্রী শেখ রবিউল আলম, পানিসম্পদমন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন, বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলুসহ সংশ্লিষ্ট মন্ত্রী, প্রতিমন্ত্রী ও ঊর্ধ্বতন সরকারি কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের দুটি প্রকল্প অনুমোদন পেয়েছে। এগুলো হলো আটটি বিভাগীয় শহরে পূর্ণাঙ্গ ক্যানসার, হৃদ্রোগ ও কিডনি চিকিৎসাকেন্দ্র স্থাপন (দ্বিতীয় সংশোধন) এবং যশোর, কক্সবাজার ও পাবনায় ৫০০ শয্যার মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপনসহ জাতীয় গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতালের ১১ ও ১২ তলা ঊর্ধ্বমুখী সম্প্রসারণ (দ্বিতীয় সংশোধন) প্রকল্প।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের চরফ্যাশন উপজেলায় বাংলাদেশ দারিদ্র্য বিমোচন সংস্থার স্বাস্থ্যসেবা কেন্দ্র স্থাপন প্রকল্পের মেয়াদ চতুর্থবারের মতো বাড়ানো হয়েছে।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের তিনটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এগুলো হলো পাবনা জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন এবং নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর জেলার গুরুত্বপূর্ণ পল্লি অবকাঠামো উন্নয়ন প্রকল্প (প্রস্তাবিত দ্বিতীয় সংশোধন)।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করার লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (দ্বিতীয় পর্যায়) প্রকল্পের তৃতীয় সংশোধনীর পর চতুর্থ সংশোধনের প্রস্তাব অনুমোদন পেয়েছে।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দুটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের (আরইবি) আওতায় ঢাকার পার্শ্ববর্তী ১৩টি পল্লী বিদ্যুৎ সমিতির বৈদ্যুতিক বিতরণব্যবস্থার ক্ষমতা বৃদ্ধি এবং চট্টগ্রাম ও সিলেট বিভাগে আরইবির বৈদ্যুতিক বিতরণব্যবস্থার আধুনিকায়ন ও ক্ষমতা বৃদ্ধি প্রকল্প।

এ ছাড়া পানিসম্পদ মন্ত্রণালয়ের কক্সবাজারের পেকুয়া উপজেলায় বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন ও সেচব্যবস্থার উন্নয়নে উপকূলীয় পুনর্বাসন প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে।

এদিকে পরিকল্পনামন্ত্রীর অনুমোদিত ৫০ কোটি টাকার কম ব্যয়সংবলিত সাতটি প্রকল্প সম্পর্কে একনেক সভায় অবহিত করা হয়।

প্রকল্পগুলো হলো চট্টগ্রাম মহানগরীর বন্যা নিয়ন্ত্রণ, জলমগ্নতা ও জলাবদ্ধতা নিরসন এবং পানি নিষ্কাশনব্যবস্থার উন্নয়ন (দ্বিতীয় সংশোধন) প্রকল্প; ফ্লাড রিকনস্ট্রাকশন ইমার্জেন্সি অ্যাসিস্ট্যান্স প্রজেক্ট (এফআরইএপি); কেন্দ্রীয় প্যাকিং হাউসে স্থাপিত উদ্ভিদ সংগনিরোধ পরীক্ষাগারকে আন্তর্জাতিক মানসম্পন্ন পরীক্ষাগারে রূপান্তর প্রকল্প; ময়মনসিংহ বিভাগে মৎস্যসম্পদের টেকসই উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প; বাংলাদেশের অভ্যন্তরীণ জলাশয়ের মৎস্যসম্পদের জরিপ পদ্ধতির উন্নয়ন প্রকল্প; ভেনম রিসার্চ সেন্টার, বাংলাদেশ (ভিআরসি-বি) শক্তিশালীকরণ প্রকল্প এবং পিরোজপুরের ভান্ডারিয়ায় টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প।

## পোশাকশ্রমিকদের ন্যূনতম মজুরি ১৭ হাজার টাকা নির্ধারণ

(শেষ পৃষ্ঠার পর)

তবে চতুর্থ বা সর্বনিম্ন গ্রেডের মজুরি নিয়ে মালিক ও শ্রমিকপক্ষ একমত হতে না পারায় শ্রম আইন অনুযায়ী গোপন ভোট নেওয়া হয়। এতে চারজন সদস্য ১৭ হাজার টাকার পক্ষে এবং দুজন ১৮ হাজার টাকার পক্ষে ভোট দেন।

নতুন মজুরি কাঠামো অনুযায়ী, চতুর্থ গ্রেডে হেলপার, গ্রেড কাটার ও লাইন অ্যাসিস্ট্যান্টদের ন্যূনতম মজুরি ১৭ হাজার টাকা।

তৃতীয় গ্রেডে জুনিয়র অপারেটর, অভিজ্ঞ হেলপার, ফোল্ডার, প্যাকার ও ট্যাগিংম্যানদের মজুরি ১৯ হাজার ২০০ টাকা।

দ্বিতীয় গ্রেডে সেলাই, কাটিং, ফিনিশিং ও কোয়ালিটি কন্ট্রোল অপারেটরসহ সংশ্লিষ্ট কর্মীদের মজুরি নির্ধারণ করা হয়েছে ২০ হাজার টাকা। আর প্রথম গ্রেডে সিনিয়র অপারেটর, প্যাটার্ন মেকার, স্যাম্পল মেকার, স্ক্রিন প্রিন্টার ও সিনিয়র ডাইং অপারেটরদের মজুরি হবে ২১ হাজার ৫০০ টাকা।

এ ছাড়া যেসব শ্রমিক ইতিমধ্যে ন্যূনতম মজুরির চেয়ে বেশি বেতন পান, তাদের বেতন অন্তত দুই হাজার টাকা সমন্বয়ের সিদ্ধান্ত হয়েছে। সক্ষমতা অনুযায়ী কারখানাগুলো এর বেশি বেতনও দিতে পারবে।

বৈঠক সূত্রে জানা গেছে, শ্রমিকপক্ষ শেষ পর্যায়ে সর্বনিম্ন মজুরি ১৮ হাজার টাকা করার প্রস্তাব দিয়েছিল। অন্যদিকে, সোমবার মালিকপক্ষের প্রস্তাবের ভিত্তিতে মঙ্গলবার দুপুর ২টা থেকে আলোচনা শুরু হয়। বিরতি দিয়ে রাত দেড়টা পর্যন্ত চলে দর-কষাকষি।

সংবাদ সম্মেলনে শ্রমিক প্রতিনিধি বাবুল আখতার আন্দোলনরত শ্রমিকদের কাজে ফেরার আহ্বান জানান। একই সঙ্গে আন্দোলনে জড়িত শ্রমিকদের ছাঁটাই বন্ধ, গ্রেপ্তার শ্রমিকদের মুক্তি, মামলা প্রত্যাহার ও হয়রানি বন্ধে সরকারের কাছে সুপারিশ করার কথা জানান তিনি।

## তিন বছরে ৫ লাখ বিদেশি কর্মী নেবে ইতালি, তালিকায় বাংলাদেশও

(প্রথম পৃষ্ঠার পর)

নির্মাণ, উৎপাদন, পরিবহন, সেবা ও অন্যান্য খাতেও বিদেশিদের কাজের সুযোগ থাকবে। তিন বছরের জন্য নির্ধারিত কোটার মধ্যে ২ লাখ ৬৭ হাজার কর্মী নেওয়া হবে কৃষি ও পর্যটন খাতের মৌসুমি কাজে। বাকি ২ লাখ ৩০ হাজার ৫৫০ জনের জন্য রয়েছে অমৌসুমি ও স্বনিয়োজিত কাজের সুযোগ।

ইতালির এই কর্মী নিয়োগ কর্মসূচিতে বাংলাদেশও অন্তর্ভুক্ত রয়েছে। দেশটির সরকারের নির্ধারিত তালিকায় বাংলাদেশি নাগরিকেরা অমৌসুমি চাকরির জন্য আবেদন করার সুযোগ পাবেন। তবে বাংলাদেশিদের জন্য আলাদা করে পাঁচ লাখ বা নির্দিষ্ট কোনো বড় সংখ্যার কোটা বরাদ্দ করা হয়নি। বরং বিভিন্ন দেশের জন্য নির্ধারিত সংরক্ষিত কোটার মধ্যে বাংলাদেশও রয়েছে।

এদিকে গত ৩ নভেম্

দৈনিক আকাশ খবর
সত্য নিষ্ঠায় নিঃশব্দ বিপ্লব
THE DAILY AKASH KHABAR
www.akashkhabar.com



বৃহস্পতিবার ২৬ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ, ১১ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ
বর্ষ-২১, সংখ্যা-১৪৪

বিশ্ব সংবাদ

# বিকল্প আইনি পথে নতুন শুল্ক আরোপের উদ্যোগ ট্রাম্প প্রশাসনের



ছবি: আকাশখবর

● বিশ্বডেস্ক:

যুক্তরাষ্ট্রের বাণিজ্য অংশীদারদের বিরুদ্ধে নতুন শুল্ক আরোপের প্রস্তাবের পেছনে রয়েছে গত মার্চে হোয়াইট হাউসের শুরু করা একটি তদন্ত। বিভিন্ন দেশের বাণিজ্যচর্চা খতিয়ে দেখতে ওই তদন্ত শুরু করে মার্কিন প্রশাসন।

যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট ট্রাম্পের তথাকথিত 'লিবারেশন ডে' শুল্ককে অবৈধ ঘোষণা করার পর এই তদন্ত শুরু হয়। প্রশাসন এসব শুল্ককে 'পারস্পরিক শুল্ক' হিসেবে অভিহিত করেছিল। আদালতের ওই রায়ের পর ডোনাল্ড ট্রাম্প জানান, শুল্ক আরোপের জন্য তিনি বিকল্প আইনি পথ খুঁজবেন।

এরপর গত মার্চে যুক্তরাষ্ট্রের বাণিজ্য আইন ১৯৭৪-এর ৩০১ ধারার আওতায় (সেকশন ৩০১) তদন্ত শুরু হয়। এতে খতিয়ে দেখা হচ্ছে, যুক্তরাষ্ট্রের কোনো বাণিজ্য অংশীদার 'অযৌক্তিক বা বৈষম্যমূলক' বাণিজ্যচর্চার মাধ্যমে মার্কিন বাণিজ্যকে ক্ষতিগ্রস্ত করছে কিংবা বাধাগ্রস্ত করছে কি না।

তৎকালীন মার্কিন বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ার এ বিষয়ে বলেন, 'যেসব দেশ অতিরিক্ত উৎপাদন সক্ষমতা ও পণ্যের মাধ্যমে নিজেদের সমস্যার চাপ যুক্তরাষ্ট্রের ওপর চাপিয়ে দিতে পারে, তাদের কাছে আর নিজেদের শিল্পভিত্তি বিসর্জন দেবে না যুক্তরাষ্ট্র।'

তিনি আরও বলেন, 'আজকের এই তদন্তগুলো গুরুত্বপূর্ণ সরবরাহব্যবস্থাকে যুক্তরাষ্ট্রে ফিরিয়ে আনা এবং উৎপাদন খাতের বিভিন্ন ক্ষেত্রে মার্কিন শ্রমিকদের জন্য ভালো বেতনের কর্মসংস্থান তৈরিতে প্রেসিডেন্ট ট্রাম্পের অঙ্গীকারেরই প্রতিফলন।'

গ্রিয়ার আরও বলেন, 'বিভিন্ন খাতে যুক্তরাষ্ট্রের অনেক বাণিজ্য অংশীদার নিজেদের অভ্যন্তরীণ চাহিদার তুলনায় বেশি পণ্য উৎপাদন করছে।'

এ তদন্তের মাধ্যমে বাণিজ্য অংশীদারদের বিরুদ্ধে নতুন করে শুল্ক আরোপের আইনি ভিত্তি তৈরির চেষ্টা করছে ট্রাম্প প্রশাসন। সুপ্রিম কোর্টের রায়ের পর বিকল্প আইনি ক্ষমতা ব্যবহার করে শুল্ক আরোপের যে ঘোষণা ট্রাম্প দিয়েছিলেন, তারই অংশ হিসেবে এই উদ্যোগ নেওয়া হয়েছে।

# বাণিজ্য ঘাটতি কমাতে দেশে চীনা বিনিয়োগ ও কারখানা স্থাপনের আহ্বান

(২য় পৃষ্ঠার পর)

করিডোর গড়ে তোলা সম্ভব। তবে এ প্রকল্প বাস্তবায়িত হলে বাংলাদেশ তার জাতীয় স্বার্থে সর্বোচ্চ অগ্রাধিকার দিবে।

তিনি আরও বলেন, এই করিডোরকে কেবল অবকাঠামো উন্নয়ন প্রকল্প হিসেবে না দেখে সংশ্লিষ্ট দেশগুলোর মধ্যে অর্থনৈতিক সংহতি ও কার্যকর সহযোগিতা জোরদারের বৃহত্তর উদ্যোগ হিসেবে বিবেচনা করা প্রয়োজন। তবে এ উদ্যোগ এগিয়ে নিতে সংশ্লিষ্ট দেশগুলোর রাজনৈতিক বাস্তবতা, নিরাপত্তা পরিস্থিতি, প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও অর্থনৈতিক স্বার্থ সতর্কতার সঙ্গে পর্যালোচনা করতে হবে। করিডোরটির সম্ভাবনা ও সুযোগ নিয়ে গবেষণা এবং নীতিগত সংলাপ জোরদারের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, এর উন্নয়নে বাস্তবসম্মত পথ নির্ধারণে তথ্য প্রমাণভিত্তিক মূল্যায়ন, সম্ভাব্যতা সমীক্ষা এবং সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে কার্যকর পরামর্শ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

রোহিঙ্গা সংকট ও আঞ্চলিক স্থিতিশীলতা প্রসঙ্গে উপদেষ্টা বলেন, টেকসই বাণিজ্য ও বিনিয়োগের জন্য আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা অপরিহার্য। রোহিঙ্গাদের নিরাপদ, স্বেচ্ছামূলক ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিত করতে এবং মিয়ানমারের রাখাইন রাজ্যে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে চীনের গঠনমূলক ও জোরালো কূটনৈতিক ভূমিকা প্রত্যাশা করে বাংলাদেশ।

বিশেষ অতিথির বক্তব্যে বাংলাদেশে চীনা দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স ড. লিউ ইউইন বাংলাদেশ ও চীনের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ, অবকাঠামো, জ্বালানি, শিক্ষা, স্বাস্থ্যসেবা ও প্রযুক্তি খাতে সহযোগিতা আরও জোরদারের ওপর গুরুত্বারোপ করেন।

তিনি বলেন, শিল্প উন্নয়ন, প্রযুক্তি হস্তান্তর, দক্ষতা বৃদ্ধি এবং অর্থনৈতিক সহযোগিতা সম্প্রসারণের মাধ্যমে দুই দেশের সম্পর্ককে আরও উচ্চতায় নেওয়া সম্ভব। চীনের পঞ্চদশ পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রসঙ্গ তুলে ধরে তিনি বাংলাদেশ ও চীনের মধ্যে আঞ্চলিক ও অর্থনৈতিক সহযোগিতার নতুন ক্ষেত্র সম্প্রসারণের আহ্বান জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিআইআইএসএসের মহাপরিচালক মেজর জেনারেল হুসাইন মুহাম্মদ মাসীহুর রহমান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সাংহাই ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল স্টাডিজের (এসআইআইএস) সিনিয়র রিসার্চ ফেলো ও সেন্টার ফর সাউথ এশিয়ান স্টাডিজের পরিচালক ড. লিউ জংই এবং এসআইআইএস-ডিইউ সেন্টার ফর চায়না স্টাডিজের পরিচালক। উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করেন জাতীয় অধ্যাপক ড. মাহবুব উল্লাহ।

সেমিনারে বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তা, চীনা দূতাবাসের কর্মকর্তাবৃন্দ, সাবেক কূটনীতিক, সামরিক ও বেসামরিক কর্মকর্তা, শিক্ষাবিদ, গবেষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, গণমাধ্যমকর্মী এবং নীতিনির্ধারকরা অংশগ্রহণ করেন।

# 'রাসায়নিক সার ব্যবহারে মাটির উর্বরতা কমছে', জৈব সারে ভর্তুকির তাগিদ

(২য় পৃষ্ঠার পর)

উৎপাদন ও ব্যবহার সম্প্রসারণে প্রয়োজনীয় নীতিগত পরিবর্তন আনতে সরকারের সঙ্গে কাজ করার আগ্রহও জানান তিনি।

# ১৪ পুলিশ কর্মকর্তার বদলি ও পদায়ন

(শেষ পৃষ্ঠার পর)

উপ-পুলিশ কমিশনার মোহাম্মদ হারুন অর রশিদকে লালমনিরহাট এবং একই ইউনিটের উপ-পুলিশ কমিশনার তৌহিদুল আরিফকে নড়াইলের এসপি হিসেবে পদায়ন করা হয়েছে।

এ ছাড়া আর্মড পুলিশ ব্যাটালিয়নের (এপিবিএন) পুলিশ সুপার খাঁন মুহাম্মদ আবু নাসেরকে খুলনা, গাইবান্ধার এসপি জসিম উদ্দীনকে ফেনী, এসআরইউ ঢাকার এসপি মোহাম্মদ কামরুল ইসলামকে গাইবান্ধা এবং পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) বিশেষ পুলিশ সুপার ছুফি উল্লাহকে নওগাঁর এসপি করা হয়েছে।

অন্যদিকে, সুনামগঞ্জের এসপি আবু বসার মোহাম্মদ জাকির হোসেনকে ট্যুরিস্ট পুলিশের এসপি, লালমনিরহাটের এসপি আসাদুজ্জামানকে একই ইউনিটে এবং খুলনার এসপি সরকার ওমর ফারুককে ঢাকা পুলিশ স্টাফ কলেজের এসপি হিসেবে বদলি করা হয়েছে।

ফেনীর এসপি হাবীবুল্লাহকে খাগড়াছড়ির মহালছড়িতে ৬ এপিবিএনের ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারের এসপি হিসেবে সংযুক্ত করা হয়েছে।

এ ছাড়া খুলনা মেট্রোপলিটন পুলিশের (কেএমপি) উপ-পুলিশ কমিশনার (সুপারনিউমারারি অতিরিক্ত ডিআইজি) মুহাম্মদ শাহনেওয়াজ খালেদকে রংপুর রেঞ্জ ডিআইজি কার্যালয়ের এসপি হিসেবে বদলি করা হয়েছে।

এপিবিএনের এসপি আরেফিন জুয়েলকে সিএমপির উপ-পুলিশ কমিশনার এবং নওগাঁর এসপি মোহাম্মদ তারিকুল ইসলামকে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) এসপি হিসেবে পদায়ন করা হয়েছে।

খেলাধুলা

# হোয়াইটওয়াশ হয়ে টেস্ট চ্যাম্পিয়নশিপে ছয়ে নামল বাংলাদেশ



ছবি: আকাশখবর

● ক্রীড়া ডেস্ক:

দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সেঞ্চুরিয়ন টেস্টে বড় ব্যবধানে হারের মাশুল দিতে হয়েছে বাংলাদেশকে। এই পরাজয়ে ২০২৫-২৭ বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের (ডব্লিউটিসি) পয়েন্ট তালিকায় এক ধাপ নিচে নেমে গেছে টাইগাররা। পাঁচ নম্বর থেকে বাংলাদেশের অবস্থান এখন ছয়ে। বিপরীতে, জয়ের ধারাবাহিকতায় শীর্ষস্থান আরও সুসংহত করেছে দক্ষিণ আফ্রিকা।

সেঞ্চুরিয়নে সিরিজের দ্বিতীয় টেস্ট খেলতে নামার আগে ৪০ দশমিক ৭৪ শতাংশ পয়েন্ট নিয়ে টেবিলের পাঁচে ছিল বাংলাদেশ। কিন্তু স্বাগতিকদের কাছে ইনিংস ও ২১৯ রানের বড় ব্যবধানে হারের পর তাদের পয়েন্টের হার নেমে এসেছে ৩৬ দশমিক ৬৭ শতাংশে। বাংলাদেশের এই অবনমনের সুযোগে ৩৮ দশমিক ৫৪ শতাংশ পয়েন্ট নিয়ে পাঁচ নম্বরে উঠে এসেছে ইংল্যান্ড।

চলতি টেস্ট চ্যাম্পিয়নশিপ চক্রে বাংলাদেশের হাতে রয়েছে আর মাত্র একটি সিরিজ। ঘরের মাঠে দুই ম্যাচের সেই সিরিজে ইংল্যান্ডের মুখোমুখি হবে টাইগাররা, যদিও সিরিজটির সূচি এখনো চূড়ান্ত হয়নি।

অন্যদিকে, অস্ট্রেলিয়ার পর ঘরের মাঠে বাংলাদেশকেও হোয়াইটওয়াশ করে পয়েন্ট টেবিলের শীর্ষস্থান আরও মজবুত করেছে দক্ষিণ আফ্রিকা। সেঞ্চুরিয়ন টেস্টের আগে ৭৫ শতাংশ পয়েন্ট নিয়ে শীর্ষে থাকা প্রোটিয়াদের অর্জন এখন ৭৭ দশমিক ৭৮ শতাংশ। এ ছাড়া ভারতের সঙ্গে ওয়েলিংটন টেস্ট ড্র করায় দুই থেকে তিনে নেমে গেছে নিউজিল্যান্ড। ৬৯ দশমিক ২৩ শতাংশ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে উঠেছে অস্ট্রেলিয়া, আর ৫০ শতাংশ পয়েন্ট নিয়ে চতুর্থ স্থানে রয়েছে ভারত। পয়েন্ট টেবিলে বাংলাদেশের নিচে অবস্থান করছে ওয়েস্ট ইন্ডিজ, শ্রীলঙ্কা ও পাকিস্তান।

# জাতীয় দলের পর ক্লাব ফুটবলেও নিষেধাজ্ঞার শঙ্কায় রোনালদো


ছবি: আকাশখবর

● ক্রীড়া ডেস্ক:

জাতীয় দল থেকে অবসরের আগে নিষেধাজ্ঞার আশঙ্কায় পড়েছিলেন ক্রিশ্চিয়ানো রোনালদো। এবার ক্লাব ফুটবলেও একই ধরনের পরিস্থিতির মুখে পড়তে পারেন পর্তুগিজ এই মহাতারকা। এএফসি চ্যাম্পিয়নস লিগে আল-সাদের বিপক্ষে ম্যাচে এক সহকারী রেফারিকে ব্যঙ্গাত্মক অঙ্গভঙ্গি করায় শাস্তির মুখে পড়ার সম্ভাবনা তৈরি হয়েছে তার।

মঙ্গলবার আল-সাদের বিপক্ষে ২-১ গোলের জয় পায় আল-নাসর। ম্যাচের ১৩তম মিনিটে পেনাল্টি থেকে গোল করে ক্যারিয়ারের ৯৮৭তম গোলটি করেন রোনালদো। এর ২০ মিনিট পর আরও একবার বল জালে পাঠিয়েছিলেন তিনি। তবে অফসাইডের কারণে সেই গোল বাতিল হয়ে যায়।

দ্বিতীয়ার্ধে আরেকটি অফসাইডের সিদ্ধান্ত মেনে নিতে পারেননি পাঁচবারের ব্যালন ডি'অরজয়ী এই তারকা। বক্সের মধ্যে প্রতিপক্ষের বাধার শিকার হয়েছেন দাবি করে পেনাল্টির প্রত্যাশা করেছিলেন তিনি। কিন্তু জর্ডানের রেফারি আদহাম মাখাদমেহ তার আবেদন প্রত্যাখ্যান করেন। উলটো সহকারী রেফারি অফসাইডের পতাকা তোলায় আল-সাদের পক্ষে ফ্রি-কিক দেওয়া হয়।

রিপ্লেতে অবশ্য ম্যাচ কর্মকর্তাদের সিদ্ধান্ত সঠিক বলেই দেখা যায়। কিন্তু অফসাইডের সিদ্ধান্তে ক্ষুব্ধ রোনালদো সহকারী রেফারিকে লক্ষ্য করে ব্যঙ্গাত্মক অঙ্গভঙ্গি করেন। প্রথমে হাত দিয়ে নিজের চোখ ঢেকে রাখেন তিনি, এরপর পতাকা ওড়ানোর ভঙ্গি করেন। ঘটনাটি যে ওই ম্যাচ কর্মকর্তাকে উদ্দেশ্য করেই করা, তা স্পষ্ট বলে মনে হয়েছে।

ফুটবলবিষয়ক সংবাদমাধ্যম 'গোল'-এর প্রতিবেদন অনুযায়ী, রোনালদোর এমন আচরণে শাস্তির আশঙ্কা করছেন আল-নাসরের সমর্থকেরা। এ ঘটনায় নিষেধাজ্ঞা দেওয়া হলে এশিয়ান চ্যাম্পিয়নস লিগের পরবর্তী কয়েকটি ম্যাচে মাঠের বাইরে থাকতে হতে পারে তাকে।

এএফসি চ্যাম্পিয়নস লিগ এলিটের গ্রুপ 'বি'-তে এখন পর্যন্ত চার ম্যাচ খেলে ৯ পয়েন্ট নিয়ে পঞ্চম স্থানে রয়েছে আল-নাসর। গুরুত্বপূর্ণ এই পর্যায়ে রোনালদো নিষিদ্ধ হলে দলটির জন্য তা বড় ধাক্কা হতে পারে।

বিশ্ব সংবাদ

# পাসপোর্ট সূচকে দক্ষিণ এশিয়ায় ষষ্ঠ, বিশ্বে ১৯২তম বাংলাদেশ


ছবি: আকাশখবর

● নিজস্ব প্রতিবেদক:

বিশ্বের পাসপোর্টের শক্তি ও ভ্রমণসুবিধা বিবেচনায় আর্টন ক্যাপিটলের পাসপোর্ট সূচকে বাংলাদেশের অবস্থান ১৯২তম। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান ষষ্ঠ।

বুধবার (২৫ নভেম্বর) প্রতিষ্ঠানটির ওয়েবসাইটে প্রকাশিত হালনাগাদ সূচকে এ তথ্য উঠে এসেছে।

আর্টন ক্যাপিটলের সূচকে বিশ্বের ১৯৯টি দেশের পাসপোর্টের অবস্থান তুলে ধরা হয়েছে। এতে বাংলাদেশের মোবিলিটি স্কোর ৬৫। বাংলাদেশি পাসপোর্টধারীরা ১৭টি দেশে ভিসা ছাড়াই এবং ৬৬টি দেশে পৌঁছানোর পর ভিসা নিয়ে প্রবেশ করতে পারেন। বাকি ১১৫টি গন্তব্যে যেতে আগাম ভিসা নিতে হয়।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশের চেয়ে এগিয়ে রয়েছে মালদ্বীপ, ভারত, ভুটান, শ্রীলঙ্কা ও নেপাল। এ অঞ্চলে বাংলাদেশের পেছনে রয়েছে পাকিস্তান ও আফগানিস্তান।

বিশ্ব সূচকে ভারতের অবস্থান ১২৮তম, ভুটান ১৬৩তম, শ্রীলঙ্কা ১৮০তম, নেপাল ১৮৩তম, পাকিস্তান ১৯৪তম এবং আফগানিস্তান ১৯৮তম।

কানাডাভিত্তিক আর্থিক পরামর্শক প্রতিষ্ঠান আর্টন ক্যাপিটল ২০১৪ সালে পাসপোর্ট ইনডেক্স চালু করে। বিভিন্ন দেশের নাগরিকেরা কতটি গন্তব্যে ভিসা ছাড়া, পৌঁছানোর পর ভিসা নিয়ে অথবা ইলেকট্রনিক ভ্রমণ অনুমোদনের মাধ্যমে যেতে পারেন, তার ভিত্তিতে এ সূচক তৈরি করা হয়।

তবে আর্টন ক্যাপিটলের সূচক ও যুক্তরাজ্যভিত্তিক হেনলি অ্যান্ড পার্টনার্সের পাসপোর্ট সূচকের হিসাবপদ্ধতি আলাদা। এ কারণে দুই প্রতিষ্ঠানের তালিকায় একই দেশের পাসপোর্টের অবস্থানেও পার্থক্য দেখা যায়।

# সরকারি মেডিকেলে বাড়ছে ১৭০ আসন, নতুন ৩ মেডিকেলে ভর্তি এ বছর

(শেষ পৃষ্ঠার পর)

বহাল থাকছে।

দেশে বর্তমানে বেসরকারি মেডিকেল কলেজ রয়েছে ৬৮টি। এসব কলেজে মোট আসনসংখ্যা থাকছে ৬ হাজার ২১টি। তবে নানা অনিয়ম ও সংকটের কারণে গত বছরের মতো এবারও মুন্সিগঞ্জের বিক্রমপুর ভূঁইয়া মেডিকেল কলেজে ভর্তি কার্যক্রম স্থগিত রাখবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

এ ছাড়া সরকারি ঢাকা ডেন্টাল কলেজ ও সরকারি মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটগুলোতে মোট আসন থাকবে ৫৪৫টি। গত বছরের মতো এবারও বিডিএস বা ডেন্টাল কোর্সে আসন বাড়ানো হচ্ছে না। পাশাপাশি বেসরকারি ডেন্টাল কলেজ ও বেসরকারি মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটগুলোতে আসন থাকবে ১ হাজার ৩৬০টি।

সংশ্লিষ্ট সূত্র আরও জানিয়েছে, আগামী ১৮ ডিসেম্বর ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

এ বিষয়ে স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক ডা. রুবিনা ইয়াসমিন ঢাকা মেইলকে বলেন, এমবিবিএস ও বিডিএসে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরু হয়েছে। কিছু কাজ বাকি রয়েছে। শিগগিরই সরকারি ও বেসরকারি মেডিকেলে ভর্তির বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হবে।

তিনি আরও বলেন, নিয়ম অনুযায়ী কিছু পরিকল্পনা রয়েছে। সেই পরিকল্পনা অনুসারেই এগিয়ে যাচ্ছেন তাঁরা। সময়ের কাজ সময়ে সম্পন্ন করা হবে।

এ বিষয়ে স্বাস্থ্যখাত সংস্কার কমিশনের সদস্য ডা. আহমেদ এহসানুর রাহমান ঢাকা মেইলকে বলেন, শুধু মেডিকেল কলেজের সংখ্যা বাড়ালেই হবে না, পড়াশোনার মানও নিশ্চিত করতে হবে। মেডিকেল কলেজগুলোতে শিক্ষার্থীদের জন্য ছাত্রাবাস, শিক্ষার্থী অনুপাতে শিক্ষক এবং অন্যান্য সুযোগ-সুবিধা যথাযথভাবে নিশ্চিত করতে হবে। এর মাধ্যমে গুণগত মানসম্পন্ন চিকিৎসক তৈরি করা সম্ভব হবে।

তিনি বলেন, বিগত সময়ে প্রতিষ্ঠিত মেডিকেল কলেজগুলোরও গুণগত মান বাড়াতে হবে। কিছু মেডিকেল কলেজে শিক্ষক, হাসপাতাল ও ছাত্রাবাসসহ নানা সংকট রয়েছে। এসব সংকট সমাধানেও উদ্যোগ নিতে হবে।

# স্বাস্থ্যখাতে অন্ধকার টানেল থেকে আলোর দেখা মিলবে: স্বাস্থ্যমন্ত্রী

(শেষ পৃষ্ঠার পর)

প্যান প্যাসিফিক সোনারগাঁওয়ে স্বাস্থ্য শিক্ষা অধিদফতর ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক আয়োজিত 'বাংলাদেশে ২০৪০ সাল নাগাদ স্বাস্থ্যকর্মীর (এমবিবিএস চিকিৎসক ও বিশেষজ্ঞ চিকিৎসক এবং নার্স ও মিডওয়াইফ) চাহিদা ও সরবরাহের প্রক্ষেপণ' শীর্ষক প্রতিবেদন অবহিতকরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন মন্ত্রী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, আগামী ১১ ডিসেম্বর অনুষ্ঠিতব্য ৫১তম বিশেষ বিসিএস পরীক্ষার মাধ্যমে পাঁচ হাজার চিকিৎসক নিয়োগ দেওয়া হবে। এর মধ্যে ৪ হাজার ৭০০ জন সহকারী সার্জন এবং ৩০০ জন ডেন্টাল সার্জন। এই নিয়োগের মাধ্যমে দেশের স্বাস্থ্যসেবায় চিকিৎসক সংকট নিরসনে গুরুত্বপূর্ণ অগ্রগতি হবে।

তিনি বলেন, শুধু চিকিৎসকের সংখ্যা বাড়ালেই হবে না, স্বাস্থ্যখাতে চিকিৎসকদের পেশাগত দক্ষতা ও সেবার মান বাড়ানোর দিকেও বিশেষ নজর দিতে হবে। একই সঙ্গে চিকিৎসকদের পাশাপাশি নার্স ও মিডওয়াইফদেরও যথাযথ প্রশিক্ষণের আওতায় আনতে হবে। একটি দক্ষ ও মানসম্মত স্বাস্থ্যব্যবস্থা গড়ে তুলতে চিকিৎসক, নার্সসহ সব পর্যায়ের স্বাস্থ্যকর্মীর দক্ষতা উন্নয়ন অত্যন্ত জরুরি।

সাখাওয়াত হোসেন আরও বলেন, দেশের স্বাস্থ্যসেবার মান অতীতের যেকোনো সময়ের তুলনায় উন্নত হয়েছে। তবে এই অগ্রগতিকে আরও টেকসই করতে স্বাস্থ্যকর্মীদের চাহিদা নিরূপণ, জনবল পরিকল্পনা এবং দক্ষ মানবসম্পদ গড়ে তোলার ওপর গুরুত্ব দিতে হবে।

২০৪০ সাল পর্যন্ত স্বাস্থ্যকর্মীর চাহিদা ও সরবরাহের প্রক্ষেপণবিষয়ক এই প্রতিবেদন ভবিষ্যৎ স্বাস্থ্য জনশক্তি পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এসময় প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত বলেন, দেশের প্রতিটি উপজেলা হাসপাতালকে ৫০ শয্যা থেকে ১৫০ শয্যায় উন্নীত করার ফ্ল্যাগশিপ কর্মসূচি বাস্তবায়নে বাড়তি ২০ হাজার চিকিৎসক ও ৬০ হাজার নার্স প্রয়োজন। বর্তমানে দেশে চিকিৎসক ও নার্সের অনুপাত ভারসাম্যহীন হওয়ায় স্বাস্থ্য জনবলের পিরামিড কাঠামো ভেঙে পড়েছে।

তিনি বলেন, আদর্শ স্বাস্থ্য ব্যবস্থায় একজন চিকিৎসকের বিপরীতে তিনজন নার্স থাকার কথা থাকলেও দেশে প্রায় এক লাখ ছয় হাজার চিকিৎসকের বিপরীতে নার্স ও মিডওয়াইফ রয়েছেন মাত্র এক লাখ নয় হাজার। ফলে পিরামিড কাঠামো সোজা হয়ে সিলিন্ডারে পরিণত হয়েছে। জনবলের অন্যান্য স্তরে ঘাটতি থাকায় বিশেষজ্ঞ চিকিৎসকদের বাড়তি কাজের চাপ নিতে হচ্ছে।

স্বাস্থ্য প্রতিমন্ত্রী আরও বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা ও আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়লে চিকিৎসকদের গতানুগতিক কাজের চাপ কমবে এবং কর্মঘণ্টা সাশ্রয় হবে। তবে মেডিকেল কলেজগুলোতে মৌলিক বিজ্ঞানের শিক্ষকের তীব্র সংকট কাটাতে না পারলে চিকিৎসক তৈরির হার বাড়ানো কঠিন হবে।

এছাড়া হাসপাতাল ও মেডিকেল কলেজ পরিচালনার জন্য দক্ষ 'স্বাস্থ্য ব্যবস্থাপক' গড়ে তোলার আহ্বান জানান তিনি।

স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. নাজমুল হোসেনের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন স্বাস্থ্যসেবা বিভাগের সচিব ড. আ. ন. ম. বজলুর রশীদ, স্বাস্থ্য শিক্ষা বিভাগের সচিব এ. কে. এম. বেনজামিন রিয়াজী, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. প্রভাত চন্দ্র বিশ্বাস, বিশ্ব স্বাস্থ্য সংস্থার বাংলাদেশ প্রতিনিধি ডা. রাজেশ নরওয়াল প্রমুখ।

# ২৫ দিন বন্ধ থাকবে আদানির একটি ইউনিট, অর্ধেকে নামবে বিদ্যুৎ সরবরাহ

(শেষ পৃষ্ঠার পর)

ক্ষমতাসম্পন্ন একটি ইউনিটের উৎপাদন বন্ধ হচ্ছে। আগামী ১৮ ডিসেম্বর থেকে ইউনিটটি পুনরায় চালু হওয়ার কথা রয়েছে।

আদানি পাওয়ারের পক্ষ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, নির্ধারিত বার্ষিক রক্ষণাবেক্ষণ কর্মসূচির অংশ হিসেবে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ সময় প্রয়োজনীয় পরিদর্শন, যন্ত্রাংশের রক্ষণাবেক্ষণ ও ত্রুটি প্রতিরোধের কাজ করা হবে। এ বিষয়ে গত ২৬ অক্টোবর বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (বিপিডিবি) সম্মতি নেওয়া হয়েছে।

ভারতের ঝাড়খণ্ডের গোড্ডায় অবস্থিত আদানির বিদ্যুৎকেন্দ্রটির মোট উৎপাদন সক্ষমতা ১ হাজার ৬০০ মেগাওয়াট, যা পুরোটাই বাংলাদেশে সরবরাহ করা হয়।

বিদ্যুৎকেন্দ্রটিতে ৮০০ মেগাওয়াট ক্ষমতার দুটি পৃথক ইউনিট রয়েছে। একটি ইউনিট বন্ধ থাকলেও অপর ইউনিটটি স্বাভাবিকভাবে চালু থাকবে। ফলে এ সময়ে কেন্দ্রটি থেকে সর্বোচ্চ ৮০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ও বাংলাদেশে সরবরাহ করা সম্ভব হবে।

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-বিপিডিবির তথ্য অনুযায়ী, গত ২৪ নভেম্বর সন্ধ্যা ৬টায় দেশে বিদ্যুতের চাহিদা ছিল ১২ হাজার ৪২৩ মেগাওয়াট। ওই সময় আদানি পাওয়ার বাংলাদেশে ৯০১ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করছিল।

বিদ্যুৎ খাতসংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন, শীত মৌসুমে দেশে বিদ্যুতের চাহিদা তুলনামূলক কম থাকে। ফলে আদানির একটি ইউনিট বন্ধ থাকলেও সামগ্রিক বিদ্যুৎ সরবরাহে বড় ধরনের প্রভাব পড়ার আশঙ্কা নেই।

তবে হঠাৎ বিদ্যুতের চাহিদা বেড়ে গেলে পরিস্থিতি সামাল দেওয়া কিছুটা চ্যালেঞ্জিং হতে পারে বলে সতর্ক করেছেন কর্মকর্তারা।

প্রসঙ্গত, আদানির গোড্ডা বিদ্যুৎকেন্দ্র থেকে বাংলাদেশে বিদ্যুৎ আমদানি করা হয় দীর্ঘমেয়াদি চুক্তির আওতায়। ২০১৭ সালে স্বাক্ষরিত ২৫ বছর মেয়াদি চুক্তি অনুযায়ী কেন্দ্রটির উৎপাদিত বিদ্যুৎ বাংলাদেশে সরবরাহ করা হয়।

# নিরাপদ খাদ্য আইনে সর্বোচ্চ ১০ লাখ টাকা জরিমানার প্রস্তাব

(২য় পৃষ্ঠার পর)

নিষ্ঠার সঙ্গে কাজ করার জন্য তিনি সংশ্লিষ্ট সবার প্রতি নির্দেশনা প্রদান করেন। তিনি কৃষক ও ভোক্তাদের অধিকার সংরক্ষণ এবং তাদের ন্যায্য স্বার্থ নিশ্চিত করার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান।

বৈঠকে জানানো হয়, সারাদেশের খাদ্যগুদামসমূহের মজুদ ধারণক্ষমতা বর্তমান ২২ লাখ ৯৩ হাজার টন থেকে বৃদ্ধি করে ২০৩০ সালের মধ্যে ৩০ লাখ টনে উন্নীত করার লক্ষ্যে খাদ্য মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। এক্ষেত্রে কমিটির পক্ষ থেকে বর্তমানে সারাদেশের খাদ্যগুদামসমূহের প্রকৃত চিত্র তুলে ধরার সুপারিশ করা হয়। যে সব খাদ্যগুদাম অনেক পুরনো এবং ব্যবহার উপযোগী নয় সেগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক বাতিল করে প্রয়োজনে নতুন খাদ্যগুদাম স্থাপনের পরামর্শ প্রদান করা হয়। খাদ্যগুদামসমূহে পোকামাকড় নিয়ন্ত্রণ এবং ছত্রাক ঝুঁকি হ্রাসে সঠিক আদ্রতা বজায় রেখে খাদ্যশস্য সংগ্রহ এবং মেকানিকাল ভেন্টিলেশন সিস্টেম স্থাপনের বি

বৃহস্পতিবার
২৬ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ
১১ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ

দৈনিক আকাশ খবর
সত্য নিষ্ঠায় নিঃশব্দ বিপ্লব
THE DAILY AKASH KHABAR

শেষ পাতা ৪

www.akashkhabar.com
/akashkhabar/

# আইনশৃঙ্খলা রক্ষায় আট জেলায় ১০৮ প্লাটুন বিজিবি মোতায়েন



ছবি: আকাশখবর

● নিজস্ব প্রতিবেদক:

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, জননিরাপত্তা নিশ্চিতকরণ এবং যেকোনো ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ, গোপালগঞ্জ, ফরিদপুর, চট্টগ্রাম ও কক্সবাজারে ১০৮ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে।

এর মধ্যে ঢাকার সাভার ও আশুলিয়ায় ১৮ প্লাটুন, নারায়ণগঞ্জে ৬ প্লাটুন, গাজীপুরে ১৮ প্লাটুন, ময়মনসিংহের ভালুকায় ২ প্লাটুন, গোপালগঞ্জে ৫৬ প্লাটুন, চট্টগ্রামে ৩ প্লাটুন এবং কক্সবাজারে ১ প্লাটুন বিজিবি সদস্য মোতায়েন রয়েছে। এ ছাড়া ৪ প্লাটুন বিজিবি সদস্য মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশক্রমে মোতায়েনকৃত বিজিবি সদস্যরা সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী অন্যান্য বাহিনীর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে দায়িত্ব পালন করছেন। সংশ্লিষ্ট জেলাসমূহের গুরুত্বপূর্ণ স্থাপনা, শিল্পাঞ্চল ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে নিরাপত্তা ও নজরদারি জোরদারের পাশাপাশি যেকোনো ধরনের বিশৃঙ্খলা, সহিংসতা এবং জননিরাপত্তার জন্য হুমকি এমন কর্মকাণ্ড প্রতিরোধে বিজিবি সদস্যরা সচেষ্ট রয়েছেন।

মাঠপর্যায়ের পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও সমন্বয়ের লক্ষ্যে বিজিবি সদর দপ্তরের মনিটরিং সেল থেকে প্রযুক্তিনির্ভর নজরদারি অব্যাহত রয়েছে। এ লক্ষ্যে ড্রোন, বডি-ওর্ন ক্যামেরা এবং অন্যান্য আধুনিক প্রযুক্তির মাধ্যমে প্রাপ্ত লাইভ ফুটেজ সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হচ্ছে।

উল্লেখ্য, বিজিবি সদস্যরা সীমান্তে নিয়মিত দায়িত্ব পালনের পাশাপাশি দেশের অভ্যন্তরীণ আইনশৃঙ্খলা রক্ষায় সর্বোচ্চ পেশাদারিত্ব, শৃঙ্খলা ও ধৈর্যের সঙ্গে অর্পিত দায়িত্ব পালন করে যাচ্ছেন। সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা, স্বাভাবিক চলাচল ও দৈনন্দিন কার্যক্রম নির্বিঘ্ন রাখা এবং যেকোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণে বিজিবি বদ্ধপরিকর।

# পোশাকশ্রমিকদের ন্যূনতম মজুরি ১৭ হাজার টাকা নির্ধারণ

**দীর্ঘ আলোচনা ও দর-কষাকষির পর পোশাকশ্রমিকদের নতুন ন্যূনতম মজুরি নির্ধারণ করেছে নিম্নতম মজুরি বোর্ড**



ছবি: আকাশখবর

● নিজস্ব প্রতিবেদক:

দীর্ঘ আলোচনা ও দর-কষাকষির পর পোশাকশ্রমিকদের নতুন ন্যূনতম মজুরি নির্ধারণ করেছে নিম্নতম মজুরি বোর্ড। মালিক ও শ্রমিকপক্ষের মতৈক্য এবং বোর্ড সদস্যদের ভোটে সর্বনিম্ন মজুরি ১২ হাজার ৫০০ টাকা থেকে বাড়িয়ে ১৭ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে।

নতুন মজুরি আগামী ডিসেম্বর থেকে কার্যকর হবে। শিগগির এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হবে।

মঙ্গলবার (২৪ নভেম্বর) দিবাগত রাতে দীর্ঘ বৈঠক শেষে নিম্নতম মজুরি বোর্ড ভোটের মাধ্যমে এ সিদ্ধান্ত নেয়। বোর্ডের শ্রমিকপক্ষের প্রতিনিধি বাবুল আখতার গণমাধ্যমে এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, 'শ্রমিকপক্ষের প্রতিনিধিরা ন্যূনতম মজুরি ১৮ হাজার টাকা নির্ধারণের চূড়ান্ত প্রস্তাব দিয়েছিলেন। তবে বোর্ডের ছয় সদস্যের মধ্যে চারজন ১৭ হাজার টাকার পক্ষে এবং দুজন ১৮ হাজার টাকার পক্ষে ভোট দেন। সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে ১৭ হাজার টাকা ন্যূনতম মজুরি চূড়ান্ত করা হয়েছে।'

প্রথম, দ্বিতীয় ও তৃতীয় গ্রেডের মজুরি সর্বসম্মতিক্রমে নির্ধারণ করা হয়েছে।

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৮



ছবি: আকাশখবর

# রূপপুর থেকে ৩০ ঘণ্টায় ৭ কোটি ৬ লাখ টাকার বিদ্যুৎ সরবরাহ

● নিজস্ব প্রতিবেদক:

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট থেকে দ্বিতীয় দফায় ৩০ ঘণ্টা সফলভাবে বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে জাতীয় গ্রিডে। এই সময়ে প্রায় ৩২০ মেগাওয়াট ক্ষমতায় মোট ৭ কোটি ৬ লাখ টাকার বিদ্যুৎ সরবরাহ করেছে কেন্দ্রটি।

মঙ্গলবার (২৪ নভেম্বর) বিকাল ৫টা ৫ মিনিটে জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করা হয়।

জাতীয় সঞ্চালন লাইনের একাধিক সূত্র জানায়, সোমবার (২৩ নভেম্বর) সকাল ১০টা ২০ মিনিটে দ্বিতীয় দফায় রূপপুরের প্রথম ইউনিট থেকে ধারাবাহিকভাবে প্রায় ৩২০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ শুরু হয়। এ দফায় ১০ থেকে ২৪ ঘণ্টা পরীক্ষামূলক বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা থাকলেও নির্ধারিত সময়সীমা পেরিয়ে তা প্রায় ৩০ ঘণ্টা অব্যাহত ছিল।

দেশের পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের অগ্রযাত্রায় এটিকে গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে দেখছেন প্রকল্পসংশ্লিষ্টরা। একই সঙ্গে বিদ্যুৎকেন্দ্রটির পরিচালন সক্ষমতা ও প্রযুক্তিগত প্রস্তুতির ক্ষেত্রেও এটি উল্লেখযোগ্য অর্জন বলে মনে করছেন

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৫

# ইউপি নির্বাচনে মোট ভোটার ১২ কোটি ৯২ লাখ ২৯ হাজার

● নিজস্ব প্রতিবেদক:



ছবি: আকাশখবর

ইউনিয়ন পরিষদ নির্বাচনে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। ইসি ঘোষিত তালিকা অনুযায়ী দেশে এখন মোট ভোটার ১২ কোটি ৯২ লাখ ২৯ হাজার ৭৪৯ জন।

বুধবার (২৫ নভেম্বর) নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ স্থানীয় সরকার নির্বাচনকে সামনে রেখে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের এই তথ্য জানায়।

আখতার আহমেদ জানান, দেশে মোট ভোটার ১২ কোটি ৯২ লাখ ২৯ হাজার ৭৪৯ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৬ কোটি ৫৮ লাখ ৬ হাজার ৫৭৪ জন। নারী ভোটার ৬ কোটি ৩৪ লাখ ২১ হাজার ৮৭৮ জন। তৃতীয় লিঙ্গের (হিজড়া) ভোটার ১ হাজার ২৯৭ জন।

ইসির সিনিয়র সচিব বলেন, গত ৩১ আগস্ট ঘোষিত ভোটার সংখ্যার তুলনায় আজ পর্যন্ত ৪ লাখ ৫২ হাজার ১০৬ জন ভোটার বেড়েছে। এই ভোটার তালিকা আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনসহ

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৩

# 'রাসায়নিক সার ব্যবহারে মাটির উর্বরতা কমছে', জৈব সারে ভর্তুকির তাগিদ

● নিজস্ব প্রতিবেদক:

খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করলেও পুষ্টি নিশ্চিত করার ক্ষেত্রে বাংলাদেশ এখনো পিছিয়ে। বৈশ্বিক ক্ষুধা সূচক ২০২৬-এ ১২২টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৮৪তম। অন্যদিকে, দীর্ঘদিন ধরে রাসায়নিক সার ব্যবহারের কারণে মাটির উর্বরতা কমছে।

এ পরিস্থিতিতে মাটির স্বাস্থ্য রক্ষা, পুষ্টিমানসম্পন্ন খাদ্য উৎপাদন এবং টেকসই কৃষিব্যবস্থা গড়ে তুলতে জৈব সার উৎপাদন ও ব্যবহারে ভর্তুকি দেওয়ার পাশাপাশি এর প্রসারে সমন্বিত উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়েছেন বিশেষজ্ঞ ও নীতিনির্ধারকেরা।

সোমবার (২ নভেম্বর) রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'সুস্থ মাটি, ফসল ও পরিবেশের জন্য জৈব সার উৎপাদনকে উৎসাহিত করা এবং ভর্তুকি প্রদান' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে বক্তারা এসব কথা বলেন।

এতে কৃষি খাতের বিশেষজ্ঞ, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি, কৃষক এবং জৈব সার উদ্যোক্তারা অংশ নেন।

তাঁরা জানান, জৈব সার উৎপাদন ও বাজারজাতকরণের ক্ষেত্রে নিবন্ধনপ্রক্রিয়ায় নানা প্রশাসনিক জটিলতার মুখে পড়তে হয়। এ ছাড়া সারের মান যাচাই ও পর্যবেক্ষণের কার্যকর ব্যবস্থা না থাকায় বাজারে মানসম্মত জৈব সার নিশ্চিত করাও কঠিন হয়ে পড়ছে।

আলোচনায় বক্তারা বলেন, জৈব সার ব্যবহারে কোনো কোনো ক্ষেত্রে ফসলের তাৎক্ষণিক উৎপাদন রাসায়নিক সারের তুলনায় কম হতে পারে। তবে মাটির স্বাস্থ্য ও ফসলের গুণগত মান বজায় রাখতে জৈব সারের ভূমিকা গুরুত্বপূর্ণ। তাই রাসায়নিক সারের ব্যবহার পুরোপুরি বাদ না দিয়ে মাটি ও ফসলের ধরন অনুযায়ী জৈব ও রাসায়নিক সারের সমন্বিত প্রয়োগ নিশ্চিত করতে হবে।

বৈঠকের আলোচনায় জৈব সার উৎপাদনের কাঁচামালের প্রাপ্যতা ও বৈচিত্র্য, মাটি পরীক্ষার ভিত্তিতে সারের প্রয়োগমাত্রা নির্ধারণ এবং কৃষকের ন্যায্য মূল্য নিশ্চিত করার বিষয়গুলো উঠে আসে। পাশাপাশি, কৃষিপণ্যের বাজারে মধ্যস্বত্বভোগীদের প্রভাব কমানো এবং জৈব সারের মান নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্ব দেন বক্তারা।

বৈঠকে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য ও কৃষি মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মোছা. সাবিরা সুলতানা।

তিনি বলেন, 'একজন মাকে সুস্থ রাখতে পারলে যেমন সুস্থ সন্তানের জন্ম নিশ্চিত করা সম্ভব, তেমনি মাটির স্বাস্থ্য ভালো রাখতে পারলে পুষ্টিমানসম্পন্ন ফসল উৎপাদন করা যাবে।'

**একনজরে মূল তথ্য**

- বৈশ্বিক ক্ষুধা সূচক ২০২৬-এ ১২২টি দেশের মধ্যে
- খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করলেও পুষ্টি নিশ্চিত
- অন্যদিকে, দীর্ঘদিন ধরে রাসায়নিক সার ব্যবহারের কারণে

জৈব সারের মান নিশ্চিত করে বাজারজাতকরণের ওপর গুরুত্ব দিয়ে তিনি আরও বলেন, কৃষকদের কাছে সরকারি সেবা পৌঁছে দিতে কৃষি কার্ডের উদ্যোগ নেওয়া হয়েছে। এ ক্ষেত্রে প্রকৃত কৃষক নির্বাচন এবং তাঁদের প্রয়োজন অনুযায়ী সেবা নিশ্চিত করা জরুরি।

গোলটেবিলের অংশগ্রহণকারীদের জৈব ও রাসায়নিক সারের সমন্বিত ব্যবহার নিশ্চিত করতে সুনির্দিষ্ট প্রস্তাব ও কর্মপরিকল্পনা তৈরির আহ্বান জানান তিনি। এসব প্রস্তাব তাঁর কাছে পাঠানো হলে সংসদীয় স্থায়ী কমিটি, জাতীয় সংসদ ও প্রধানমন্ত্রীর সঙ্গে বিষয়গুলো নিয়ে আলোচনা করবেন বলে জানান। কৃষক পরিবারের সন্তান হিসেবে এ উদ্যোগ বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাসও দেন তিনি।

দ্বিতীয় কারিগরি অধিবেশনে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালক আনোয়ার ফারুক। তিনি জৈব সার উদ্যোক্তাদের নিবন্ধনপ্রক্রিয়া সহজ

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৪

এক কলাম

# স্বাস্থ্যখাতে অন্ধকার টানেল থেকে আলোর দেখা মিলবে: স্বাস্থ্যমন্ত্রী

● নিজস্ব প্রতিবেদক:

আগামী বছর দেশের স্বাস্থ্যখাতে বিদ্যমান সংকট কাটিয়ে ইতিবাচক পরিবর্তন দৃশ্যমান হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন।

তিনি বলেন, স্বাস্থ্যখাত বর্তমানে নানা চ্যালেঞ্জের মধ্য দিয়ে গেলেও সরকার প্রয়োজনীয় জনবল নিয়োগ, দক্ষতা বৃদ্ধি এবং স্বাস্থ্যসেবার মানোন্নয়নে কাজ করছে। আগামী বছর স্বাস্থ্যখাতে অন্ধকার টানেল থেকে আলোর দেখা মিলবে।

বুধবার (২৫ নভেম্বর) ঢাকার হোটেল

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ১

দৈনিক আকাশ খবর ■ বৃহস্পতিবার ২৬ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

# জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৬ শুরু আজ

● নিজস্ব প্রতিবেদক:

'রপ্তানিমুখী প্রাণিসম্পদে গড়বো দেশ, সবার আগে বাংলাদেশ' প্রতিপাদ্যকে সামনে রেখে দেশে আজ বৃহস্পতিবার (২৬ নভেম্বর) থেকে শুরু হচ্ছে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৬। আগামী ২৮ নভেম্বর পর্যন্ত এই প্রাণিসম্পদ সপ্তাহ কেন্দ্রীয়, জেলা ও উপজেলা পর্যায়ে একযোগে সারাদেশে উদযাপিত হবে।

এর আগে গতকাল বুধবার (২৫ নভেম্বর) বিকেলে মৎস্য ও প্রাণিসম্পদ এবং কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ, মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু, এমপি, মন্ত্রণালয়ের সচিব দেলোয়ার হোসেন এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক শাহজামান খানসহ মন্ত্রণালয় ও অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তারা পুরাতন বাণিজ্য মেলার মাঠে 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রাণিসম্পদ মেলা ২০২৬'-এর সার্বিক প্রস্তুতি কার্যক্রম পরিদর্শন করেন।

এ সময় তাঁরা মেলার বিভিন্ন স্টল, প্যাভিলিয়ন ও আয়োজনের প্রস্তুতি ঘুরে দেখেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন। পরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় থেকে এসব তথ্য জানানো হয়।

জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে প্রাণিসম্পদ পদক প্রদান, বিভিন্ন ধরনের সচেতনতামূলক কার্যক্রম, র‍্যালি, আলোচনা, সেমিনার, সংগীতানুষ্ঠান, রেসেপি প্রতিযোগিতা ও বিভিন্ন প্রদর্শনীসহ নানা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা অনুযায়ী এবছর প্রাণিসম্পদ খাতে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ আট ক্যাটাগরিতে ২৩টি পদক প্রদান করা হচ্ছে।

প্রতিটি ক্যাটাগরিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে যথাক্রমে স্বর্ণ ও রৌপ্য পদকে ভূষিত করা হবে। জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহের আজকের উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি প্রধানমন্ত্রী তারেক রহমান এই পদক প্রদান করবেন।

# বাণিজ্য ঘাটতি কমাতে দেশে চীনা বিনিয়োগ ও কারখানা স্থাপনের আহ্বান

● নিজস্ব প্রতিবেদক:

বাণিজ্য ঘাটতি কমানো, কর্মসংস্থান সৃষ্টি এবং রপ্তানি বহুমুখীকরণের লক্ষ্যে বাংলাদেশে কারখানা স্থাপন ও উৎপাদন খাতে বিনিয়োগ বাড়াতে চীনা উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা) ও বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ইসমাইল জবিউল্লাহ।

বুধবার (২৫ নভেম্বর) ঢাকায় বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) এবং ঢাকাস্থ চীনা দূতাবাসের যৌথ উদ্যোগে আয়োজিত '২০২৬ ঢাকা ফোরাম অন বাংলাদেশ-চীন রিলেশনস' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

বাংলাদেশ ও চীনের মধ্যে বিদ্যমান বাণিজ্য ঘাটতির চিত্র তুলে ধরে উপদেষ্টা ইসমাইল জবিউল্লাহ বলেন, ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশের মোট রফতানির প্রায় ৭৫ শতাংশ পশ্চিমা বাজারে এবং ১৮.৮৫ শতাংশ যুক্তরাষ্ট্রে গেলেও চীনে রফতানির পরিমাণ মাত্র ১.৭১ শতাংশ। এ পরিস্থিতি থেকে উত্তরণে শুধু পণ্য আমদানি-রফতানির মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্য সীমাবদ্ধ না রেখে যৌথ বিনিয়োগ, সংস্কৃতি, প্রযুক্তি হস্তান্তর এবং উৎপাদন খাতে সহযোগিতা বাড়াতে হবে।

চীনা উদ্যোক্তারা বাংলাদেশে কারখানা স্থাপন করে এ দেশের ভৌগোলিক অবস্থান, দক্ষ জনশক্তি ও বাজারসুবিধা কাজে লাগিয়ে আফ্রিকা, মধ্যপ্রাচ্য ও ইউরোপের বাজারে পণ্য রফতানি করতে পারেন বলেও তিনি উল্লেখ করেন।

দ্বিপক্ষীয় সম্পর্কের অগ্রগতি প্রসঙ্গে ইসমাইল জবিউল্লাহ বলেন, ৫ আগস্টের

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৬

# ডেঙ্গুতে আরও ৪ জনের প্রাণহানি

● নিজস্ব প্রতিবেদক:

ডেঙ্গুতে গত ২৪ ঘণ্টায় (সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত) সারাদেশে চারজনের মৃত্যু হয়েছে। এই সময়ের মধ্যে নতুন রোগী শনাক্ত হয়েছে ১ হাজার ১৪৫ জন।

এ নিয়ে চলতি বছরে মশাবাহিত রোগটিতে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৫২৪ জনে। অন্যদিকে মোট শনাক্তের সংখ্যা বেড়ে হয়ে গেছে ১ লাখ ৭৫ হাজার ৯৮৫ জন।

মঙ্গলবার (২৪ নভেম্বর) বিকেলে স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো ডেঙ্গুবিষয়ক নিয়মিত প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

এর আগে সোমবার (২৩ নভেম্বর) ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে দুজনের মৃত্যুর খবর

▶ এরপর পৃষ্ঠা-২ কলাম ৩

# ২৫ দিন বন্ধ থাকবে আদানির একটি ইউনিট, অর্ধেকে নামবে বিদ্যুৎ সরবরাহ

- আগামী ১৮ ডিসেম্বর থেকে ইউনিটটি পুনরায় চালু হওয়ার কথা
- বিদ্যুৎকেন্দ্রটিতে ৮০০ মেগাওয়াট ক্ষমতার দুটি পৃথক
- এ বিষয়ে গত ২৬ অক্টোবর বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন



ছবি: আকাশখবর

● বিশ্বডেস্ক:

বার্ষিক রক্ষণাবেক্ষণ কাজের জন্য ভারতের আদানি পাওয়ারের ঝাড়খণ্ডের গোড্ডা বিদ্যুৎকেন্দ্রের একটি ইউনিট ২৫ দিনের জন্য বন্ধ রাখা হচ্ছে। আজ বুধবার (২৫ নভেম্বর) দিবাগত মধ্যরাত থেকে কেন্দ্রটির ৮০০ মেগাওয়াট

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ৪

# সরকারি মেডিকেলে বাড়ছে ১৭০ আসন, নতুন ৩ মেডিকেলে ভর্তি এ বছর

● নিজস্ব প্রতিবেদক:

নতুন শিক্ষাবর্ষে দেশের সরকারি মেডিকেল কলেজগুলোতে ১৭০টি আসন বাড়ছে। পাশাপাশি নতুন অনুমোদন পাওয়া তিনটি মেডিকেল কলেজেও চলতি বছর থেকেই শিক্ষার্থী ভর্তি কার্যক্রম শুরু হচ্ছে। এ লক্ষ্যে সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

নতুন অনুমোদন পাওয়া তিনটি মেডিকেল কলেজ হলো নরসিংদী মেডিকেল কলেজ, ঠাকুরগাঁও মেডিকেল কলেজ ও রাজধানীর সরকারি কর্মচারী মেডিকেল কলেজ। এর মধ্যে নরসিংদী মেডিকেল কলেজে ৫০টি, ঠাকুরগাঁও মেডিকেল কলেজে ৫০টি এবং সরকারি কর্মচারী মেডিকেল কলেজে ৫০টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। এ ছাড়া বগুড়ার শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজে ২০টি আসন বাড়ানো হয়েছে। এতে কলেজটির আসনসংখ্যা বেড়ে দাঁড়াচ্ছে ২৪০টিতে।

গত ৫ নভেম্বর বগুড়ায় শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজের ৩৫তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন কলেজটিতে ২০টি আসন বাড়ানোর প্রতিশ্রুতি দেন। সেই অনুযায়ী চলতি শিক্ষাবর্ষে আসনসংখ্যা বাড়ানো হয়েছে।

এদিকে চলতি বছর বেসরকারি মেডিকেল কলেজগুলোতে আসনসংখ্যা বাড়ছে না। তবে কয়েকটি বেসরকারি মেডিকেল কলেজে আসনসংখ্যা পুনঃস্থাপন করা হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নতুন অনুমোদন পাওয়া তিনটি মেডিকেল কলেজসহ দেশে সরকারি মেডিকেল কলেজের সংখ্যা বেড়ে দাঁড়াচ্ছে ৪০টিতে। এসব কলেজে মোট আসনসংখ্যা হবে ৫ হাজার ২৫০টি। এবার সরকারি মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষায় কোনো ধরনের কোটা থাকছে না। তবে সংবিধান অনুযায়ী, ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য ১ শতাংশ কোটা বরাদ্দ থাকবে। অন্যদিকে বেসরকারি মেডিকেল কলেজে দরিদ্র ও মেধা কোটা

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ৩

# ১৪ পুলিশ কর্মকর্তার বদলি ও পদায়ন

● নিজস্ব প্রতিবেদক:

পুলিশের ১৪ জন কর্মকর্তাকে বিভিন্ন ইউনিট ও জেলায় বদলি এবং পদায়ন করা হয়েছে। বুধবার (২৫ নভেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেছেন মন্ত্রণালয়ের উপ-সচিব তৌহিফ আহমেদ। জনস্বার্থে জারি করা এ আদেশ অবিলম্বে কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) উপ-পুলিশ কমিশনার আমিরুল ইসলামকে সুনামগঞ্জের পুলিশ সুপার (এসপি) করা হয়েছে। ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি)

▶ এরপর পৃষ্ঠা-৩ কলাম ৫

প্রধান সম্পাদক : অ্যাড. মানিক আকবর, সম্পাদক ও প্রকাশক : জান্নাতুল আওলিয়া নিশি কর্তৃক মুন সুপার মার্কেট (৩য় তলা), শহীদ হাসান চত্বর, বড় বাজার চুয়াডাঙ্গা-৭২০০ থেকে প্রকাশিত ও এম. হুসাইন প্রিন্টার্স থেকে মুদ্রিত।
যোগাযোগ: ০১৭৮১-৬৪৫২৪২। বাণিজ্যিক বিভাগ : ০১৭৮০-২৫১৭৯৯। Email: akashkhabar@gmail.com